সংস্কৃতের ত্রিধারা

(ব্যাকরণ, অনুবাদ ও ভাববিন্যাস)

॥ উচ্চ ও উচ্চতর মাধ্যমিক পর্যায়ে ॥

(মানবিক শাখায় আবশ্যিক পাঠ্য)

Grammar, Translation & Free Composition

Amplification, Paragraph-writing, Letter-writing,

Summary, Substance, Pre'cis, etc.)

& Higher Secondary Questions & Answers

FOR CLASS IX, X, & XI

প্রণেতা :

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রীডার ও সিনেট সদস্য

অধ্যাপক **শ্রীকৃষ্ণগোপাল গোস্বামী** এম. এ., পি, আর. এস.

শাস্ত্রী, স্মৃতি-মীমাংসা-তীর্থ,

যোগেন্দ্র ঘোষ, আনন্দরাম ও রাম রামরক্ষী গবেষণা পুরস্কার ও স্বর্ণপদকপ্রাপ্ত

দেবভারতী, নবদেবভারতী ও উপক্রমণিকা প্রভৃতি গ্রন্থের রচয়িতা

আর্টস ফ্যাকাল্টির ভূতপূর্ব সদস্য ও সংস্কৃত বোর্ডের সদস্য

প্রাপ্তিস্থান :

ক্যালকাটা বুক হাউস

১।১, কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

মূল্য : ২.৫০ ন.প.

প্রকাশনায় ঃ
পি. জি. গোস্বামী
গোস্বামী প্রকাশনী
১৭, ভীম ঘোষ লেন
কলিকাতা—৬

(প্রথম সংস্করণ ঃ ১৯৬০)

মুদ্রণে ঃ
শ্রীপ্রণবগোপাল গোস্বামী
রূপনন্দা প্রেস
১৩৮।১ আচার্য প্রফুল্লচন্দ্র রো
কলিকাতা-৬

ভূমিকা

উচ্চতর মাধ্যমিক পর্যায়ে মানবিক পাঠ্য শাখায় সংস্কৃতের পঠন-ব্যবস্থায় ব্যাকরণ, অনুবাদ ও ভাববিন্যাসের একটা বিশিষ্ট স্থান আছে। এই ত্রিবিধ তথ্যের ধারাবাহিক এবং সুসঙ্গত আলোচনার প্রবাহপথ ধরিয়াই সংস্কৃত-ভারতীর সাগরসঙ্গমে প্রবেশের সম্ভাব্যতা। উহারই যথাসম্ভব পথনির্দেশনায় "সংস্কৃতের ত্রিধারা"র প্রকাশ।

পুস্তকটির প্রথম ধারায় বিধৃত আছে নানা কৌশলসঙ্কেতে ব্যাকরণগত পদ ও বাক্যরীতির আলোচনা। সে ধারায় মিলিত হইয়াছে অনুবাদের দ্বিমুখী প্রবাহ। অবশেষে ভাববিন্যাসের ব্যাপ্তিতে ঘটিয়াছে তৃতীয় ধারার সম্মেলন। সংস্কৃত ত্রিধারার গতিপ্রকৃতির ইহাই সংক্ষিপ্ত পরিচয়।

কিন্তু এই ত্রিধারার আবির্ভাবের প্রথম পর্বে যে-সূচনা হইয়াছিল, সেই পূর্ব তরঙ্গের সহিত উত্তর তরঙ্গের সংযোগ সাধনে তাহারই পরিণতির পথ প্রশস্ততর করা হইয়াছে।

পদ ও বাক্যের সার্থকতা ভাবপ্রকাশে। উহাতেই ভাষার তাৎপর্য। ভাবমূর্তির রূপায়ণে ভাববিন্যাসের বিবিধ ভঙ্গী অনুসৃত হয়। ভাবসম্প্রসারণ, অনুচ্ছেদ-লেখন, পত্ররচনা, ভাবসংক্ষেপণ ও ভাবার্থ-প্রকাশ (Summary, Substance, Precis) প্রভৃতি ভাব-বিন্যাসেরই নানা প্রকারভেদ। এগুলির বৈশিষ্ট্য ও দৃষ্টান্ত সমাবেশে যথাসম্ভব মৌলিকতা ও অভিনব শিক্ষণনীতির প্রয়োগ করিয়াছি। উহাদের নানা প্রবাহে নিজস্ব সংস্কৃতের সরল সাবলীল ভঙ্গী, পরিমিত তথ্যবিন্যাস ও সুচিন্তিত ক্রমসঙ্গতি লক্ষণীয়। উত্তর তরঙ্গে সমধিক তথ্য, দৃষ্টান্ত, প্রশ্নোত্তর ও অনুশীলনীর প্রাচুর্য পুস্তকটিকে সমৃদ্ধ করিয়াছে কিন্তু ভারাক্রান্ত করে নাই।

পুস্তকটির উপযোগিতা অনস্বীকার্য। কিন্তু বিদ্বজ্জনমনের পরিতোষেই প্রয়োগ-কুশলতার স্বীকৃতি।—"আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগ-বিজ্ঞানম্।"

২৫, বিডন রো
কলিকাতা-৬
১৯৬০

বিনীত—
শ্রীকৃষ্ণগোপাল গোস্বামী

অধ্যাপক শ্রীকৃষ্ণগোপাল গোস্বামী প্রণীত

অন্যান্য পুস্তক

১। **নবদেবভারতী**—পর্ষদ্ অনুমোদিত পাঠ্যবিধি অনুযায়ী অষ্টম শ্রেণীর নূতন সংস্কৃত পাঠ্য। সব দিক দিয়াই অভিনব। পদ ও বাক্যবিন্যাসের ক্রমিক ধারায় সুবিন্যস্ত পাঠক্রম যোজনা অন্যতম বৈশিষ্ট্য। ছাত্রমানসের উপযোগী চিত্তাকর্ষক বিষয়বস্তুর বিচিত্রতা, ক্রমসঙ্গতি এবং নিজস্ব সরল ও সাবলীল ভাষার চমৎকারিতা লক্ষণীয়।

২। **সংস্কৃতব্যাকরণ-উপক্রমণিকা ও অনুবাদশিক্ষা**—৭ম ও ৮ম, বা। নূতন ব্যবস্থায় অষ্টম শ্রেণীর পর্ষদ্ অনুমোদিত ব্যাকরণ পাঠ্য। সর্বজনপূজ্য ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত উপক্রমণিকার নব পরিকল্পিত সংস্করণ। ব্যাকরণ, অনুবাদ, পদ ও বাক্যগঠন প্রণালীর নানা সঙ্কেত সমন্বয়ে সমৃদ্ধ অথচ ভারাক্রান্ত নহে। অনন্যসাধারণ বলিয়া পণ্ডিতমণ্ডলী কর্তৃক উচ্চপ্রশংসিত।

৩। **প্রাগ্‌বিশ্ববিদ্যালয় সংস্কৃত পাঠ্য**—ছাত্রছাত্রী ... অধ্যাপকমণ্ডলীর স্বীকৃতিধন্য ও সর্বোৎকৃষ্ট বলিয়া অভিনন্দিত।

॥ সূচীপত্র ॥

পূর্ব তরঙ্গ

॥ সুচীপত্র ॥

উত্তর তরঙ্গ

HIGHER SECONDARY

NEW SANSKRIT SYLLABUS

[*Questions will be framed in English.*
The use of Devnagri seript in answering is optional.]

PAPER I

1.	Translation from the texts	Not exceeding 40 marks	[Not more than 20 marks from either Prose or Poetry]
2.	Questions on Grammar on the texts	Not exceeding 20 marks	[Not more than 10 marks from either Prose or Poetry]
3.	Explanation, Summary, Amplification, etc. from the texts.	At least 40 marks.	

PAPER II

1. Grammar ... ... 30 marks.
2. Unseen Passages for translation into English or any of the other first languages ... ... 20 marks.
3. Free Composition : ... ... 25 marks.
   (3) Paragraph-Writing on a familiar topic (of about 60 words) ... 15 marks ...
   (b) Amplification or Summary ... 10 marks ...
4. Translation (from English into Sanskrit). ... 25 marks

সংস্কৃতের ত্রিধারা

(ব্যাকরণ, অনুবাদ ও ভাববিন্যাস)

॥ পূর্ব তরঙ্গ ॥

ব্যাকরণ

সন্ধি

পরঃ সন্নিকর্ষঃ সংহিতা—নিকটস্থ দুই বর্ণের মিলনের নাম সন্ধি। বাক্যে যে সন্ধি করিতেই হইবে, এমন কোন কথা নাই। সংস্কৃত অনুবাদে জানা সন্ধি প্রয়োগ করা ভাল। ভুল সন্ধি অপেক্ষা সন্ধি না করাই উচিত।

অবশ্যকরণীয় সন্ধির স্থল—(১) সমাসে সন্ধি নিত্য—বিদ্যালয়ঃ। (২) ধাতু ও উপসর্গের মধ্যে সন্ধি নিত্য—প্র+অনমৎ=প্রাণমৎ (অপ্রণমৎ ভুল)। (৩) পদ্যে সন্ধি প্রায়ই নিত্য।

স্বরসন্ধি

নিম্নের ছকটি ঠিক রাখ :—

(১) **অ আ**+ঋ ৠ=অর্ (দেব+ঋষিঃ=দেবর্ষিঃ, মহা+ঋষিঃ=মহর্ষিঃ)।

(২) অন্য স্বরবর্ণ পরে থাকিলে **ই ঈ** স্থানে য্ (নদী+অম্বু=নদ্যম্বু)।

(৩) " " " " **উ ঊ** " ব্ (সু+আগতম্=স্বাগতম্)।

(৪) " " " " **ঋ ৠ** " র্ (পিতৃ+ইচ্ছা=পিত্রিচ্ছা)।

(৫) পদান্ত এ ঐ ও ঔ : বিকল্পে : দৃষ্টান্ত : বিকল্পে :

এ+স্বরবর্ণ=এ>অয়্; য্ লোপ (সখে+এহি=সখয়েহি, সখ এহি)।

ঐ+ " =ঐ>আয়্; য্ লোপ (শ্রিয়ৈ+অর্থঃ=শ্রিয়ায়র্থঃ, শ্রিয়া অর্থঃ)।

ও+ " =ও>অব্; ব্ লোপ (প্রভো+ইহ=প্রভবিহ, প্রভ ইহ)।

ঔ+ " =ঔ>আব্; ব্ লোপ (দ্যৌ+এব=দ্যাবেব, দ্যা এব)।

সন্ধিনিষেধ—(১) দ্বিবচন নিষ্পন্ন **ঈ, ঊ** এবং **এ**-কারান্ত পদের (**অর্থাৎ** বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুর) পরবর্তী স্বরবর্ণের সহিত সন্ধি হয় না। কবী ইমৌ, মুনী আয়াতঃ, সাধূ ইমৌ, লতে এতে, শয়াতে অর্ভকৌ, যাচেতে অর্থম্।

(২) বহুবচনান্ত 'অমী'র সহিত পরবর্তী স্বরের সন্ধি হয় না। অমী অশ্বাঃ।

(৩) একস্বর এবং ও-কারান্ত অব্যয়ের সন্ধিনিষেধ। উ উমেশঃ, অহো ঈশ।

বিশেষ সন্ধি :—অক্ষ+উহিনী=অক্ষৌহিণী (মূর্ধন্য ণ)। প্র+ঊঢ়ঃ =প্রৌঢ়ঃ। প্র+এষঃ=প্রৈষঃ। অব+এহি=অবেহি। মনস্+ঈষা=মনীষা। সীমন্+অন্ত=সীমন্তঃ। সার+অঙ্গঃ+সারঙ্গঃ। গো+অক্ষঃ=গবাক্ষঃ।

নানা দৃষ্টান্ত :—মাতৃঃ+ঋণম্=মাতৃণম্। মুনি+ঋষভঃ=মুন্যৃষভঃ। মাতৃ+আদেশঃ=মাত্রাদেশঃ। চক্রি+অত্র=চক্র্যত্র। মধু+ঋতে=মধ্বৃতে। রবৌ+অস্তমিতে=রবাবস্তমিতে, রবা অস্তমিতে। তে+অত্র=তেঽত্র (অবশ্য, দ্বিবচন নিষ্পন্ন 'তে' হইলে সন্ধি হয় না)। গো+ইন্দ্র=গবেন্দ্রঃ।

ব্যঞ্জনসন্ধি

নিম্নের কয়েকটি নিয়ম বিশেষ প্রয়োজনীয় :—ন্+চ=ংশ্চ, কিন্তু ম্+চ =ঞ্চ। হসন্+চলতি=হসংশ্চলতি, কিম্+চ=কিঞ্চ। ন্+ত=ংস্ত (পতন্ +তরুঃ=পতংস্তরুঃ)। ন্+শ=ঞ্ছ বা ঞ্ শ (সন্+শম্ভুঃ=সঞ্ছম্ভু, সঞ্ শম্ভুঃ)। ন্+স্বরবর্ণ=ন্ এর পূর্বে হ্রস্ব থাকিলে ন্-এর দ্বিত্ব [হসন্+আগতঃ=হসন্নাগতঃ]। ম্+ব্যঞ্জনবর্ণ=ম্ স্থানে অনুস্বার (কিন্তু স্বরবর্ণ পরে থাকিলে অনুস্বার হয় না)।

আরও কতকগুলি দৃষ্টান্ত—ধাবন্+শশঃ=ধাবঞ্ছশঃ, ধাবঞ্ শশঃ। তৎ+শ্রুত্বা=তচ্ছ্রুত্বা। মহান্+জয়ঃ=মহাঞ্জয়ঃ। যাচ্+না=যাচ্ঞা। তৎ+টীকা=তট্টীকা। বাক্+ঈশঃ=বাগীশঃ। জগৎ+নাথঃ=জগদ্‌নাথঃ, জগন্নাথঃ। ধাবন্+অশ্বঃ=ধাবন্নশ্বঃ। মৃৎ+ময়ঃ=মৃন্ময়ঃ। পুম্+চকোরঃ= পুংশ্চকোরঃ। পুম্+কোকিলঃ=পুংস্কোকিলঃ। বাক্+হরিঃ=বাগ্ হরিঃ, বাগ্ঘরিঃ। উদ্+স্থানম্=উত্থানম্। তরু+ছায়া=তরুচ্ছায়া।

বিসর্গ সন্ধি

সংস্কৃতে বিসর্গের ব্যবহার বেশী। অতএব সন্ধির ক্ষেত্রও ব্যাপক। মাত্র ক্ খ্ প্ ফ্ পরে থাকিলে সাধারণতঃ বিসর্গসন্ধি হয় না। **নিম্নের ছকটি যথাঃ**

(১) **অঃ + অ = অ** স্থানে ও (পরে লুপ্ত অকার)—সঃ + অপি = সোঽপি।

(২) **অঃ + অ**-ভিন্ন **স্বর** = বিসর্গের লোপ। দেবঃ + ইহ = দেব ইহ। [বিসর্গলোপের পর আর স্বরসন্ধি হয় না।] রামঃ + এতি = রাম এতি)।

(৩) **অঃ** + বর্গের **৩য়, ৪র্থ, ৫ম** বর্ণ, **য্ র্ ল্ ব্ হ্ = অঃ** স্থানে **ও** —দেবঃ + জয়তি = দেবো জয়তি, নৃপঃ + দদাতি = নৃপো দদাতি।

। কিন্তু **র্-জাত** বিসর্গ স্থানে **র্** হয়—স্বঃ (স্বর্গ), পুনঃ, অন্তঃ, প্রাতঃ, অহঃ, ও ঋকারান্ত শব্দের সম্বোধনের একবচনের বিসর্গ র-জাত।—পুনঃ + গচ্ছ = পুনর্গচ্ছ, মাতঃ + দেহি = মাতর্দেহি, অহঃ + গণঃ = **অহর্গণঃ** ।।

(৪) **আঃ** (বা **ভোঃ**) + স্বরবর্ণ, বর্গের ৩য়, ৪র্থ, ৫ম, য্ র্ ল্ ব্ হ্ = বিসর্গের লোপ—দেবাঃ + অত্র = দেবা অত্র। ভোঃ + দেব = ভো দেব।

(৫) **অ আ-ভিন্ন** স্বরের পর বিসর্গ + স্বরবর্ণ, বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য্ র্ ল্ ব্ হ্ = **বিসর্গ স্থানে র্**—কবিঃ + অয়ম্ = কবিরয়ম্, পিতুঃ + এব = পিতুরেব।

(৬) বিসর্গ স্থানে **র্ + র্** = পূর্বের র্ এর লোপ এবং তৎপূর্বের **স্বর দীর্ঘ**। **স্বঃ + রাজ্যম্ = স্বারাজ্যম্, পুনঃ + রামঃ = পুনারামঃ,** প্রাতঃ + রম্যম্ = প্রাতারম্যম্, পিতঃ + রক্ষ = পিতারক্ষ, নিঃ + রোগঃ = নীরোগঃ, চক্ষুঃ + রোগঃ = চক্ষূরোগঃ, বিধুঃ + রাজতে = বিধূরাজতে। মাতুঃ + রোদনম্ = মাতূরোদনম্।

(৭) সঃ, এষঃ + **অ-ভিন্ন** স্বর = বিসর্গের লোপ। সঃ + গচ্ছতি = স গচ্ছতি। এষঃ + তিষ্ঠতি = এষ তিষ্ঠতি। কিন্তু সঃ + অপি = সোঽপি।

(৮) **বিসর্গ** + চ্ ছ্, ট্ ঠ্, ত্ থ্ = বিসর্গ স্থানে যথাক্রমে শ্ ষ্ স্। পূর্ণঃ + চন্দ্র = পূর্ণশ্চন্দ্রঃ। রাজ্ঞঃ + তস্য = রাজ্ঞস্তস্য।

(৯) বিসর্গ + শ্ ষ্ স্ = বিসর্গ স্থানে বিকল্পে যথাক্রমে শ্ ষ্ স্। সুপ্তঃ + শিশুঃ = সুপ্তশ্ শিশুঃ, সুপ্তঃ শিশুঃ।

Exercise

1. Join the following into Sandhi (সন্ধি কর) :—

মাতৃ+ঋণম্, পিতৃ+অনুমতিঃ, মধু+অরিঃ, প্র+এষঃ, হরে+এহি, সূর্যে+উদিতে, ধাবন্+চলিতঃ, বালকম্+চ, হসন্+আগতঃ, মহান্+শব্দঃ, তরু+ছায়া, মুনেঃ+আশ্রমঃ, বিধুঃ+রাজতে, কুতঃ+অপি, নমঃ+তস্মৈ, পিতঃ+রক্ষ।

2. Disjoin the Sandhi (সন্ধিবিচ্ছেদ কর) :

মহর্ষিঃ, গবাক্ষঃ, প্রৌঢ়ঃ, পুংস্কোকিলঃ, উত্থিতঃ, দ্বাবেব, হরিরিহ, স্বারাজ্যম্।

3. Correct the errors in Sandhi (সন্ধির ভুল সংশোধন কর) :—

মূন্যেতৌ, নদ্যাম্বু, দুরাদৃষ্টম্, ভূম্যাধিকারী, সো বালকঃ, মনোকষ্টম্।

ণত্ববিধান

১। **ঋ ৠ র্ ষ্**—এই চারি বর্ণের যে কোন একটির পরস্থিত দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়। এই বর্ণগুলি এবং দন্ত্য ন্ এর মধ্যে স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য্, ব্, হ্, এবং অনুস্বার **ব্যবধান থাকিলেও** ণত্ব হইবে।

সঙ্কেত : ঋ র্ মূর্ধন্য ষ্ পর যদি দন্ত্য ন্ থাকে।
তখনই মূর্ধন্য কর নির্বিচারে তাকে ॥
ক-বর্গ প-বর্গ যদি মধ্যে স্বর আর।
য্ ব্ হ্ বা অনুস্বার, তবু মূর্ধন্যকার ॥

যথা—তৃণম্, মৃগেণ, নৃণাম্, সর্পেণ, গ্রহাণাম্, বৃংহণম্।

২। **ঋ ৠ** র্ ষ্, এবং ন্ একপদে না থাকিলে, বা দন্ত্য ন্ পদান্ত হইলে মূর্ধন্য ণ্ হয় না। যেমন—সর্বনাম, নরান্, ভ্রাতৃন্।

৩। কয়েকটি বিশেষক্ষেত্রে মূর্ধন্য যথা :—পূর্বাহ্নঃ, রামায়ণম্, পরিণয়ঃ, প্রণীতম্; প্রণশ্যতি, প্রণাশঃ (কিন্তু প্রনষ্টঃ); গিরিনদী, গিরিণদী; আম্রবণম্; হিরণ্ময়ঃ (কিন্তু মৃন্ময়)।

৪। **স্বভাবতঃ মূর্ধন্য**—যেমন : কল্যাণম্, কঙ্কণম্, গুণঃ, বীণা, বাণী।

ষত্ববিধান

১। **অ আ ভিন্ন স্বরবর্ণ**, বা **ক্**, **র্**—এই যে কোন বর্ণের পর এক পদের মধ্যে প্রত্যয়ের দন্ত্য স্ মূর্ধন্য ষ্ হয় :—মুনিষু, নদীষু, গৃহেষু, চতুর্ষু।

২। বিসর্গ ও অনুস্বার ব্যবধানেও ষত্ববিধি হইবে। হবীংষি, ধনূংষি।

৩। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর কতকগুলি স-কারাদি ধাতুর দন্ত্য স্ মূর্ধন্য হয় :—বিষাদঃ, নিষণ্ণঃ, অভিষেকঃ, বিষহতে, নিষেব্যঃ, বিষমঃ।

৪। অনিয়মিত ষত্বের দৃষ্টান্ত :—যুধিষ্ঠিরঃ, পিতৃষ্বসা, অগ্নিষ্টোমঃ।

৫। **স্বভাবতঃ মূর্ধন্য ষ্** :—আষাঢ়ঃ, পাষাণঃ, ভাষা।

শব্দরূপ (Declension)

শব্দের পর **সু**, **ঔ**, **জস্** প্রভৃতি বিভক্তি যোগ করিয়া পদ করা হয়। বিভক্তিকে ইংরাজীতে case-ending বলে। বিভক্তিযোগে শব্দের ভিন্ন ভিন্ন রূপ হয়। নিম্নের শব্দগুলিকে আদর্শ বলিয়া গণ্য করা যায়।

স্বরান্ত পুংলিঙ্গ—নর, মুনি, সুধী, সাধু, দাতৃ, গো (**সখি**, **পতি**, **পিতৃ**, **ভ্রাতৃ** প্রভৃতির রূপে কিছুটা বৈশিষ্ট্য আছে)।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ—লতা, মতি, নদী, ধেনু, বধূ, মাতৃ (বিশিষ্ট রূপ—**স্ত্রী**, **লক্ষ্মী**, **ভূ**, **স্বসৃ**)।

স্বরান্ত ক্লীবলিঙ্গ—ফল, বারি, মধু, ধাতৃ (ক্লীং) [**দধি**, **অক্ষি** লক্ষণীয়]।

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ—তির্যচ্, প্রত্যচ্, বণিজ্, সম্রাজ্, ভবৎ, ধাবৎ, শ্রীমৎ, মহৎ, গুণিন্, **রাজন্**, **লঘিমন্**, **পথিন্**, **যুবন্**, **শ্বন্**, মঘবন্, আত্মন্, বেধস্, **বিদ্বস্**, লঘীয়স্।

ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ—অপ্ (নিত্য বহুবচন), **দিব্** (স্বর্গ), **দিশ্** (**দিক্**), গির্ (বাক্য), পুর্ (পুরী)।

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ—**প্রাচ্**, গচ্ছৎ, মহৎ, নামন্, **কর্মন্**, **অহন্**, পয়স্, হবিস্, ধনুস্।

স্বরান্ত পুংলিঙ্গ

নিম্নের তালিকায় একবচনের **পদগুলি তুলনীয়** :—

বিভক্তি	নর	মুনি	সাধু	সখি	পতি	দাতৃ
১মা	নরঃ	মুনিঃ	সাধুঃ	সখা	পতিঃ	দাতা
২য়া	নরম্	মুনিম্	সাধুম্	সখায়ম্	পতিম্	দাতারম্
৩য়া	নরেণ	মুনিনা	সাধুনা	সখ্যা	পত্যা	দাত্রা
৪র্থী	নরায়	মুনয়ে	সাধবে	সখ্যে	পত্যে	দাত্রে
৫মী	নরাৎ	মুনেঃ	সাধোঃ	সখ্যুঃ	পত্যুঃ	দাতুঃ
৬ষ্ঠী	নরস্য	মুনেঃ	সাধোঃ	সখ্যুঃ	পত্যুঃ	দাতুঃ
৭মী	নরে	মুনৌ	সাধৌ	সখ্যৌ	পত্যৌ	দাতরি
সম্বো	নর	মুনে	সাধো	সখে	পতে	দাতঃ

সঙ্কেত : (১) **একবচনে**—১মায় প্রায়ই বিসর্গ (সখি, দাতৃ প্রভৃতি বাদে), ৩য়ায় অ-কারান্ত শব্দে **ইন**, অন্যত্র **না** (পতি, সখি, দাতৃ প্রভৃতিতে **আ**-যোগ)। ইকারান্ত শব্দে ৫মী ৬ষ্ঠীতে শেষে **এঃ** (মুনেঃ), উকারান্ত শব্দে **ওঃ** (সাধোঃ), কিন্তু ৭মীতে উভয় স্থলেই **ঔ** (মুনৌ, সাধৌ)।

(২) **বহুবচনে**—দ্বিতীয়ার শেষ স্বর **দীর্ঘ**, পরে **হসন্ত-ন্** যোগ (নরান্, মুনীন্ সাধূন্, পিতৄন্)। **৬ষ্ঠীতে দীর্ঘ** করিবার পর **নাম্** যোগ—নরাণাম্, মুনীনাম্, দাতৄণাম্। কিন্তু সুধী ও গো শব্দে ২য়া ও ৬ষ্ঠীর বহুবচনে বৈশিষ্ট্য আছে : যথা—২য়া—সুধিয়ঃ, ৬ষ্ঠী—সুধিয়াম্ ; ২য়া—গাঃ, ৬ষ্ঠী—গবাম্।

(৩) আত্মীয়বোধক পিতৃ, ভ্রাতৃ, জামাতৃ শব্দের রূপ :—পিতা **পিতরৌ পিতরঃ**। পিতরম্ পিতরৌ পিতৄন্—এই প্রকার।

(৪) **সুধী** ও **গো** শব্দের রূপ পৃথক (পরে দেখ)।

(৫) অন্য শব্দ পূর্বে থাকিয়া **সমাস হইলে** পতি শব্দের রূপ মুনি শব্দের মত—নরপতি, ভূপতি। **সমাসান্ত** টচ্ বা ড্ প্রত্যয় যোগে যে শব্দ হয়, তাহা **নর** শব্দের মত—**মহারাজঃ, ধর্মপথ, প্রিয়সখ**।

শব্দের কয়েকটি রূপ

সখি	(২য়া) —	সখায়ম্	সখায়ৌ	**সখীন্**
	(৩য়া)	**সখ্যা**	সখিভ্যাম্	সখিভিঃ
পতি	(৭মী)	**পত্যৌ**	পত্যোঃ	পতিষু
ভূপতি	(৬ষ্ঠী)	**ভূপতেঃ**	ভূপত্যোঃ	ভূপতীনাম্ (মুনি শব্দের মত)
সুধী	(১মা)	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ (২য়া বহুব—**সুধিয়ঃ**)
	(৬ষ্ঠী)	সুধিয়ঃ	সুধিয়োঃ	**সুধিয়াম্**
	সম্বো	**সুধীঃ**	সুধিয়ৌ	সুধিয়ঃ (ইয়্ থাকিলে হ্রস্ব ই-কার)
সেনানী	(১মা)	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ (৬ষ্ঠী বহুব—সেনান্যাম্)
গো	(১মা)	**গৌঃ**	গাবৌ	গাবঃ
	(২য়া)	গাম্	গাবৌ	**গাঃ**
	(৬ষ্ঠী)	গোঃ	গবোঃ	গবাম্ (৭মী ১ব — গবি)
দাতৃ	(১মা)	দাতা	দাতারৌ	দাতারঃ (২য়া বহুব—দাতৄন্)
ভ্রাতৃ	(১মা)	ভ্রাতা	ভ্রাতারৌ	ভ্রাতরঃ
নৃ	(৬ষ্ঠী)	**নুঃ**	নোঃ	নৃণাম্, নৄণাম্

স্বরান্ত স্ত্রীলিঙ্গ

সঙ্কেত : আকারান্ত ও দীর্ঘ ঈকারান্ত শব্দের ১মার একবচনে প্রায়ই বিসর্গ থাকে না। [**ব্যতিক্রম**—শ্রীঃ, হ্রীঃ, ভীঃ, তরীঃ, তন্ত্রীঃ, লক্ষ্মীঃ।]

লতা	(৩য়া)	লতয়া (পূর্বস্বর হ্রস্ব)	লতাভ্যাম্	লতাভিঃ
	(৬ষ্ঠী)	লতায়াঃ (পূর্বস্বর হ্রস্ব নহে)	লতয়োঃ	লতানাম্
	(৭মী)	লতায়াম্	লতয়োঃ	লতাসু
অম্বা	(সম্বো)	**অম্ব**	[**বর্ষা** শব্দ নিত্য বহুবচনান্ত]	
নদী	(১মা)	নদী	নদ্যৌ	নদ্যঃ
	(৪র্থী)	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ

দ্রষ্টব্য :—২য়ার বহুবচনে শেষ স্বর দীর্ঘ হয়, পরে বিসর্গ (পুংলিঙ্গের মত **হসন্ত ন্ হয় না**)—মতীঃ, ধেনূঃ, মাতৄঃ (মাতৄন্ নহে)। **ইকারান্ত** (মতি) শব্দে ৪র্থী হইতে ৭মীর একবচনে বিকল্পে মুনি ও নদী শব্দের দৃষ্টান্তে তুইটি করিয়া রূপ—মত্যৈ, মতয়ে। **উকারান্ত** (ধেনু) শব্দেও ঐ প্রকার সাধু ও বধূ শব্দের দৃষ্টান্তে তুইটি করিয়া রূপ :—ধৈন্বে, ধেনবে।

স্ত্রী	(১মা)	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
	(২য়া)	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
	(৬ষ্ঠী)	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
শ্রী	(১মা)	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
	(৬ষ্ঠী)	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রিয়াম্, শ্রীণাম্
ভূ	(১মা)	ভূঃ	ভুবৌ	ভুবঃ (ব-এর পূর্বে হ্রস্বই)
	(৬ষ্ঠী)	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভুবাম্, ভূনাম্
মাতৃ	(২য়া)	মাতরম্	মাতরৌ	মাতৄঃ
স্বসৃ	(২য়া)	স্বসারম্	স্বসারৌ	স্বসৄঃ
	(৬ষ্ঠী)	স্বসুঃ	স্বস্রোঃ	স্বসৄণাম্

স্বরান্ত ক্লীবলিঙ্গ

সঙ্কেত : ১মা ২য়ায় একই রকম। অ-কারান্ত শব্দের একবচনে **ম্** যোগ (ফলম্)। ইকারান্ত ও উকারান্তের পর বিভক্তি লুপ্ত হয় (বারি, মধু), এবং ৩য়া হইতে ৭মীর একবচনে **না নে নঃ নঃ নি** যোগ হয় (**ণত্ববিধি মানিবে**)।

বারি	(১মা, ২য়া)	বারি	বারিণী	বারীণি
	(৭মী)	বারিণি	বারিণোঃ	বারিষু
দধি	(৩য়া)	দধ্না	দধিভ্যাম্	দধিভিঃ
	(৭মী)	দধ্নি, দধনি	দধ্নোঃ	দধিষু
অক্ষি	(৭মী)	অক্ষ্ণি, অক্ষণি	অক্ষ্ণোঃ	অক্ষিষু

ব্যঞ্জনান্ত শব্দ

সঙ্কেত : ১মার একবচন, দ্বিবচন, ও ২য়ার বহুবচন ঠিক রাখিলেই উহাদের সাহায্যে অন্যগুলি বলা যায়। ১মার একবচনের পদটির সহিত সাধারণতঃ সন্ধির নিয়মে **ভ্যাম্, ভিঃ, ভ্যঃ** ও সপ্তমীর **সু** যোগ হয়। **ন্-ভাগান্ত** শব্দের পর ভ্যাম্, ভিঃ, ভ্যঃ ও ৭মীর সু থাকিলে শেষের **ন্ লুপ্ত হয়** (গুণিভ্যাম্, রাজসু)। ২য়ার বহুবচনে **অঃ** যোগে যে পদটি হয়, তাহার অঃ স্থানে **আ এ অং অঃ ই** যোগ করিলে ৩য়া হইতে ৭মীর একবচনের যাবতীয় পদ, **ওঃ** যোগে ৬ষ্ঠী ৭মীর দ্বিবচন, ও **আম্** যোগে (**নাম্ নহে**) ৬ষ্ঠীর বহুবচন পাওয়া যায়।

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গের বিশিষ্ট রূপ

শব্দ	১মা ১ব	২য়া বহুব	৩য়া ২ব	৭মী ১ব	৭মী বহুব
+ **তির্যচ্**	তির্যঙ্	তিরশ্চঃ	তির্যগ্ভ্যাম্	তিরশ্চি	তির্যক্ষু
+ প্রত্যচ্	প্রত্যঙ্	প্রতীচঃ	প্রত্যগ্ভ্যাম্	প্রতীচি	প্রত্যক্ষু
শ্রীমৎ	শ্রীমান্	শ্রীমতঃ	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমতি	শ্রীমৎসু
রাজন্	রাজা	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজ্ঞি, রাজনি	রাজসু
লঘিমন্	লঘিমা	লঘিম্নঃ	লঘিমভ্যাম্	লঘিম্নি, লঘিমনি	লঘিমসু
পথিন্	পন্থাঃ	পথঃ	পথিভ্যাম্	পথি	পথিষু
যুবন্	যুবা	যূনঃ	যুবভ্যাম্	যূনি	যুবসু
শ্বন্	শ্বা	শুনঃ	শ্বভ্যাম্	শুনি	**শ্বসু**
বেধস্	বেধাঃ	বেধসঃ	বেধোভ্যাম্	বেধসি	বেধঃসু
বিদ্বস্	বিদ্বান্	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্	বিদুষি	বিদ্বৎসু

উপরের পদগুলি হইতে অন্য বিভক্তির রূপ কিছুটা ধরা যাইবে, যেমন—৬ষ্ঠীর বহুবচনে **আম্** যোগে—বিদুষাম্, রাজ্ঞাম্, যূনাম্, বেধসাম্ ইত্যাদি।

ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ

অপ্ (নিত্যবহুব) : আপঃ **অপঃ** অদ্ভিঃ অদ্ভ্যঃ অদ্ভ্যঃ অপাম্ অপ্সু ।

আপদ্ (৬ষ্ঠী)	আপদঃ	আপদোঃ	আপদাম্	
দিব্ (১মা)	দ্যৌঃ	দিবৌ	দিবঃ	[ভ্যাম্ যোগে—দ্যুভ্যাম্
(২য়া)	**দ্যাম্, দিবম্**	দিবৌ	দিবঃ	[৭মীর সু-যোগে—দ্যুষু]

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ

অহন্ (১মা ২য়া)	অহঃ	অহ্নী, অহনী	অহানি [ভ্যাম্ যোগে—অহোভ্যাম্]
৭মী অহ্নি, অহনি		অহ্নোঃ	অহঃসু
পয়স্ (১মা ২য়া)	পয়ঃ	পয়সী	পয়াংসি [ভ্যাম্ যোগে— পয়োভ্যাম্]
ধনুস্ („)	ধনুঃ	ধনুষী	ধনূংষি (৩য়া ২ব ধনুর্ভ্যাম্, ৭মী বহুব-ধনুঃষু)

স্ত্রীলিঙ্গ—দিক্ দিশৌ দিশঃ। ৭মী বহুব—দিক্ষু। পুর্ (১মা)—পূঃ পুরৌ পুরঃ পুরা পূর্ভ্যাম্ ইত্যাদি। ইহারই দৃষ্টান্তে গির্ শব্দ—গীঃ গিরৌ গীর্ভ্যাম্ ইত্যাদি।

দ্রষ্টব্য : আপদ্, বিপদ্, দিশ্ সব স্ত্রীলিঙ্গ। গুণিন্ প্রভৃতি ইন্ ভাগান্ত শব্দের ১মা ১ব, যথা—**গুণী**, আর সব হ্রস্ব ইকার (গুণিনাম্)। জন্মন্, চর্মন্, বপুস্, সরস্, মনস্, যশস্, স্রোতস্, নভস্, ছন্দস্ সব ব্যঞ্জনান্ত (**অ-কারান্ত নহে**)। উহারা ক্লীবলিঙ্গ (পরে অশুদ্ধি সংশোধন দ্রষ্টব্য)।

সর্বনাম

স্বরান্ত সর্বনাম—**সর্ব**, অন্য, পর, অপর, ইতর (other) এবং **দিগ্‌বাচক** পূর্ব, উত্তর, দক্ষিণ (কিন্তু **পশ্চিম নহে**) ইত্যাদি শব্দগুলি স্বরান্ত সর্বনাম।

ব্যঞ্জনান্ত সর্বনাম—যদ্, তদ্, এতদ্ (this), অস্মদ্, যুষ্মদ্, ইদম্, অদস্ [অস্মদ্, যুষ্মদ্, ইদম্ ও অদস্ শব্দের যাবতীয় রূপ ঠিক রাখা উচিত]।

অ-কারান্ত শব্দ পুংলিঙ্গে প্রায় নর শব্দের মত। ১মার বহুবচনে **এ**-কারান্ত হয়, (যথা—সর্বে, অন্যে), আর ৬ষ্ঠীর বহুবচনে সেই একারান্তের পর **ষাম্** যোগ (সর্বেষাম্)। স্ত্রীলিঙ্গে আ-কারান্ত লতা শব্দের মত, কিন্তু ৬ষ্ঠীর বহুবচনে নাম্ হয় না, **সাম্ হয়** (সর্বাসাম্) ; আর, ৪র্থী হইতে ৭মীর সব ১বচনে সব লিঙ্গেই **নিম্নের বর্ণগুলি** যুক্ত হয় (ঐ বর্ণ-গুলির পূর্বে আকারান্ত শব্দ অকারান্ত হয়)।

সর্বনামের একবচনে বর্ণযোগ

	৪র্থী	৫মী	৬ষ্ঠী	৭মী
পুং ও ক্লীং	**স্মৈ**	**স্মাৎ**	×	**স্মিন্**
স্ত্রীং	**স্যৈ**	**স্যাঃ**	**স্যাঃ**	**স্যাম্**

যদ্, তদ্ প্রভৃতি ব্যঞ্জনান্ত শব্দ অ-কারান্ত হয় :—যঃ যৌ যে। সঃ তৌ তে। পুং ৪র্থী ১ব—যস্মৈ, স্ত্রীং ৪র্থী ১ব—**যস্যৈ** (য ফলা)। অন্য, ইতর প্রভৃতি শব্দের ক্লীং ১মা ও ২য়ার একবচনে—**অন্যৎ**, **ইতরৎ** হয়।

বিশিষ্ট রূপ

অস্মদ্	(১মা)	অহম্	আবাম্	বয়ম্
	(২য়া)	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
	(৪র্থী)	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	**অস্মভ্যম্**, নঃ
	(৫মী)	**মৎ**	আবাভ্যাম্	**অস্মৎ**
	(৬ষ্ঠী)	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
যুষ্মদ্	(১মা)	ত্বম্	যুবাম্	যূয়ম্
	(২য়া)	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
	(৪র্থী)	**তুভ্যম্**, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
	(৫মী)	ত্বৎ	যুবাভ্যাম্	**যুষ্মৎ**

দ্রষ্টব্য :—২য়া, ৪র্থী ও ৬ষ্ঠীতে বিকল্প পদ হয়। ঐ পদটি বাক্যের প্রথমে বা শ্লোকের চরণের প্রথমে বসে না। মে ধনম্—ভুল ('মম ধনম্', বা 'ধনম্ মে'।)

অদস্—(পুং) ১মা—অসৌ অমূ অমী। ৩য়া বহুব—অমীভিঃ। ৪র্থী ১ব—অমুষ্মৈ। ৬ষ্ঠী (১ব)—অমুষ্য, বহুব—অমীষাম্।

(স্ত্রীং—১মা) অসৌ অমূ অমূঃ। ৩য়া ১ব—অমুয়া।

(ক্লীং—১মা) অদঃ অমূ অমূনি।

ইদম্ (পুং ১মা)—অয়ম্ ইমৌ ইমে। ৩য়া—অনেন আভ্যাম্ এভিঃ।

স্ত্রীং (১মা)—ইয়ম্ ইমে ইমাঃ। ৩য়া—অনয়া আভ্যাম্ আভিঃ

অর্থভেদে সর্বনাম

স্ব—(জ্ঞাতি বা ধন)—সর্বনাম নহে—এতৎ মম স্বানাম্ ধনম্।
(নিজ)— সর্বনাম—সর্বে স্বেষাম্ হিতম্ ইচ্ছন্তি।
সর্ব—(শিব) সর্বনাম নহে—নমঃ সর্বায়।
(সকল)— সর্বনাম—সর্বে ম্রিয়ন্তে।
বিশ্ব—(জগৎ)— সর্বনাম নহে—বিশ্বে কো বিদ্যতে সুখী?
(সকল)— সর্বনাম—বিশ্বে দেবাঃ যজ্ঞৈঃ প্রসাদনীয়াঃ।
উত্তর—(প্রতিবচন)— সর্বনাম নহে—প্রশ্নস্য মে উত্তরায় কিং বক্তব্যম্?
(দিক্)— সর্বনাম—অস্তি উত্তরস্যাং দিশি হিমালয়ঃ।
দক্ষিণ—(অনুকূল)— সর্বনাম নহে—নমো গুরবে দক্ষিণায়।
(দিক্)— সর্বনাম—দক্ষিণস্যাং দিশি অস্তি সমুদ্রঃ।

সংখ্যাবাচক শব্দ

'**এক**' শব্দ একবচনান্ত (সর্ব শব্দের মত), স্ত্রীলিঙ্গে একা। 'কেহ কেহ' এই অর্থে বহুবচন, যেমন—Some say—একে বদন্তি। **দ্বি**-শব্দ দ্বিবচনান্ত, **ত্রি** ও চতুর্ শব্দ বহুবচনান্ত—তিন লিঙ্গেই ইহাদের রূপ ভিন্ন ভিন্ন [নিম্নে রূপ দ্রষ্টব্য]।

পঞ্চন্ হইতে অষ্টাদশন্ পর্যন্ত শব্দগুলি **তিন লিঙ্গেই সমান**। পঞ্চ বাণাঃ, পঞ্চ নদ্যঃ, পঞ্চ ফলানি। [ষষ্ শব্দের রূপ—ষট্, ষট্, ষড়্ভিঃ, ষড়্ভ্যঃ, ষড়্ভ্যঃ, ষণ্ণাম্, ষট্সু। অষ্টন্ শব্দের রূপ প্রায়ই বিকল্পে—অষ্টৌ অষ্ট (১মা, ২য়া), অষ্টাভিঃ অষ্টভিঃ (৩য়া), অষ্টানাম্ (৬ষ্ঠী), অষ্টাসু অষ্টসু (৭মী)।

ঊনবিংশতি হইতে নবনবতি শব্দ স্ত্রীলিঙ্গ এবং **বিশেষণ** হইলে নিত্য **একবচন**: **তি**-ভাগান্ত শব্দ মতি শব্দের মত—বিংশতিঃ বালিকাঃ। ত্রিংশৎ (ত্রিশ) প্রভৃতি ত্-ভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গ, কিন্তু **ভূভৃৎ শব্দের মত**।

শত, সহস্র ও লক্ষ শব্দ ক্লীবলিঙ্গ, বিশেষণ হইলে নিত্য **একবচন**—শতং নরাঃ, সহস্রং লোকাঃ, শতং বালিকাঃ, শতং ফলানি।

বিশেষ্য হইলে ঊনবিংশতি হইতে লক্ষ পর্যন্ত শব্দ দ্বিবচন ও বহুবচনও হইতে পারে—বালিকানাং দ্বে বিংশতী, ফলানাং ত্রীণি শতানি।

ত্রি (পুং)—ত্রয়ঃ ত্রীন্ ত্রিভিঃ ত্রিভ্যঃ ত্রিভ্যঃ ত্রয়াণাম্ ত্রিষু।

(স্ত্রীং)—তিস্রঃ তিস্রঃ তিসৃভিঃ তিসৃভ্যঃ তিসৃভ্যঃ তিসৃণাম্ তিসৃষু।

চতুর্ (পুং)—চত্বারঃ চতুরঃ চতুর্ভিঃ চতুর্ভ্যঃ চতুর্ভ্যঃ চতুর্ণাম্ চতুর্ষু।

(স্ত্রীং)—চতস্রঃ চতস্রঃ চতসৃভিঃ চতসৃভ্যঃ চতসৃভ্যঃ চতসৃণাম্ চতসৃষু।

ত্রি ও চতুর্ (ক্লীং)—১মা ২য়া—ত্রীণি ত্রীণি; চত্বারি চত্বারি (অবশিষ্ট পুংলিঙ্গের মত)।

Exercise

1. Decline the following words in the case-endings noted against them (পার্শ্বে লিখিত বিভক্তি যোগে নিম্নোক্ত শব্দের রূপ লিখ):—

সখি in ২য়া singular, ভূপতি in ৬ষ্ঠী singular, সুধী in ৬ষ্ঠী plural, গো in ২য়া plural and in ৬ষ্ঠী singular, লতা in ৩য়া singular, স্ত্রী in ২য়া plural, স্ত্রী in ৬ষ্ঠী plural, দধি in ৭মী singular, লঘিমন্ in ৭মী singular, যুবন্ in ২য়া plural, বিদ্বস্ in ৬ষ্ঠী singular, দিব্ in ২য়া singular, দিশ্ in সপ্তমী plural, অস্মদ্ in ৫মী singular, যুষ্মদ্ in ৪র্থী plural, চতুর্ in পুংলিঙ্গ ২য়া plural.

ধাতুরূপ (Conjugation)

ধাতুর পর তি, তস্, অন্তি প্রভৃতি বিভক্তি যোগে রূপ করা হয়। ধাতুগুলি দশ শ্রেণীতে বিভক্ত। উহাদিগকে গণ বলে।

ভ্বাদ্যদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদি-চুরাদয়ঃ॥

বুঝিবার সুবিধার জন্য নিম্নোক্ত ক্রমে রূপ দেখান হইতেছে; (ক) ভ্বাদি, তুদাদি, দিবাদি, চুরাদি; (খ) স্বাদি, তনাদি, ক্র্যাদি; (গ) অদাদি, হ্বাদি

(জুহোত্যাদি), রুধাদি। পরস্মৈপদী, আত্মনেপদী ও উভয়পদী—এই ত্রিবিধ বিভক্তি। লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লৃট্, লিট্, আশীর্লিঙ্, লৃঙ্, লুট্, লুঙ্—এই দশটি লকারে ক্রিয়ার ব্যাপার এবং কাল বা অবস্থা বুঝায়। ভূ ধাতুর ও সেব্ ধাতুর রূপ ঠিক রাখিলে অন্য সাধারণ ধাতুর রূপ ঐ দৃষ্টান্তে বলা যায়।

(ক) ভ্বাদি, তুদাদি, দিবাদি, চুরাদি

ভ্বাদি ও তুদাদিগণীয় ধাতুতে প্রত্যয়ের পূর্বে অ যুক্ত হয়—ভূ+অ+তি= ভবতি। দিবাদিগণে য-ফলা যুক্ত হয়—নৃত্যতি। চুরাদিগণে অয় যুক্ত হয়—পূজয়তি; চিন্তয়তি। ধাতুর পূর্বে এই চিহ্ন √ দেওয়া যায়। যেমন √ভূ।

পরস্মৈপদী ধাতু	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
ইষ্ (Wish)	ইচ্ছতি	ইচ্ছতু	ঐচ্ছৎ	ইচ্ছেৎ	এষিষ্যতি
ভূ (Be)	ভবতি	ভবতু	অভবৎ	ভবেৎ	ভবিষ্যতি
স্থা (Stay)	তিষ্ঠতি	তিষ্ঠতু	অতিষ্ঠৎ	তিষ্ঠেৎ	স্থাস্যতি
গম্ (Go)	গচ্ছতি	গচ্ছতু	অগচ্ছৎ	গচ্ছেৎ	গমিষ্যতি
দৃশ্ (See)	পশ্যতি	পশ্যতু	অপশ্যৎ	পশ্যেৎ	দ্রক্ষ্যতি
বস্ (Dwell)	বসতি	বসতু	অবসৎ	বসেৎ	বৎস্যতি
বহ্ (Carry)	বহতি	বহতু	অবহৎ	বহেৎ	বক্ষ্যতি
দা (Give)	যচ্ছতি	যচ্ছতু	অযচ্ছৎ	যচ্ছেৎ	দাস্যতি
পা (Drink)	পিবতি	পিবতু	অপিবৎ	পিবেৎ	পাস্যতি
প্রচ্ছ্ (Ask)	পৃচ্ছতি	পৃচ্ছতু	অপৃচ্ছৎ	পৃচ্ছেৎ	প্রক্ষ্যতি
জি (Win)	জয়তি	জয়তু	অজয়ৎ	জয়েৎ	জেষ্যতি
নী (Take)	নয়তি	নয়তু	অনয়ৎ	নয়েৎ	নেষ্যতি
নৃত্ (Dance)	নৃত্যতি	নৃত্যতু	অনৃত্যৎ	নৃত্যেৎ	নর্তিষ্যতি, নর্ৎস্যতি
দিব্ (Play)	দীব্যতি	দীব্যতু	অদীব্যৎ	দীব্যেৎ	দেবিষ্যতি
পূজ্ (Worship)	পূজয়তি	পূজয়তু	অপূজয়ৎ	পূজয়েৎ	পূজয়িষ্যতি

দ্রষ্টব্য : √নী, √বহ্—এগুলি উভয়পদী ধাতুও বটে

আত্মনেপদী

ধাতু	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
সেব্ (Serve)	সেবতে	সেবতাম্	অসেবত	সেবেত	সেবিষ্যতে
বৃত্ (Stay)	বর্ততে	বর্ততাম্	অবর্তত	বর্তেত	বর্তিষ্যতে
জন্ (Be born)	জায়তে	জায়তাম্	অজায়ত	জায়েত	জনিষ্যতে
মৃ (Die)	ম্রিয়তে	ম্রিয়তাম্	অম্রিয়ত	ম্রিয়েত	মরিষ্যতি
মন্ (Think)	মন্যতে	মন্যতাম্	অমন্যত	মন্যেত	মংস্যতে
লভ্ (Get)	লভতে	লভতাম্	অলভত	লভেত	লপ্স্যতে

আরও দৃষ্টান্ত :

ক্রন্দ্ (cry)—ক্রন্দতি, ত্যজ্ (leave)—ত্যজতি, দন্শ্ (bite)—দশতি, সিচ্—সিঞ্চতি, ভ্রম্ (walk)—ভ্রাম্যতি, ক্রুধ্—ক্রুধ্যতি, আ-রভ্ (begin)—আরভতে, বৃধ্ (grow)—বর্ধতে।

লিট্-এর কয়েকটি রূপ : ভূ—বভূব, স্থা—তস্থৌ, দৃশ্—দদর্শ, জি—জিগায়, দা—দদৌ। গম্—জগাম জগ্মতুঃ জগ্মুঃ। কৃ—চকার। বস্—উবাস, উষতুঃ উষুঃ। পূজ্—পূজয়ামাস। মৃ—মমার। মন্—মেনে। হন্—জঘান।

(খ) স্বাদি, তনাদি, ক্র্যাদি

সঙ্কেত :—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্-এ—তি, সি, মি (লট্); তু, আনি, আব, আম (লোট্), দ্, স্, অম্ (লঙ্); এবং আবহৈ, আমহৈ পরে থাকিলে বিভক্তির পূর্বে নিম্নের আগমগুলি হয়।

	তি সি মি ইত্যাদিতে	অন্যত্র	দৃষ্টান্ত
স্বাদি	**নো**	**নু**	সুনোতি সুনুতঃ
তনাদি	**ও**	**উ**	করোতি কুরুতঃ
ক্র্যাদি	**না**	**নী** (ণত্ববিধি)	ক্রীণাতি ক্রীণীতঃ

দ্রষ্টব্য :—ক্রী + লট্ অন্তি = **ক্রীণন্তি**। লঙ্ অন্—অক্রীণন্

স্বাদিগণ

আপ্ (Get)—আপ্নোতি। লোট্ হি—**আপ্নুহি**। লিট্—আপ।

শ্রু (Hear)—(লোট্) শৃণোতি শৃণুতঃ শৃণ্বন্তি। লোট্ হি—**শৃণু**। লঙ্ Ist per.—অশৃণবম্ অশৃণুব অশৃণুম্। লৃট্—শ্রোষ্যতি। লিট্—**শুশ্রাব**।

শক্ (Can)—শক্নোতি। লোট্ হি—শক্নুহি। লৃট্—শক্ষ্যতি।

চি (Gather)—চিনোতি, চিনুতে। লোট্ হি—চিনুহি।

তনাদিগণ

তন্ (Spread)—তনোতি তনুতঃ তন্বন্তি। তনুতে তন্বাতে **তন্বতে**।

কৃ (Do)—করোতি কুরুতঃ কুর্বন্তি ; কুরুতে কুর্বাতে **কুর্বতে**। লঙ্ দ্—অকরোৎ। বিধিলিঙ্—কুর্যাৎ (কুর্বীত)। লিট্—চকার, চক্রতুঃ, চক্রুঃ।

ক্র্যাদি

ক্রী (Buy)—ক্রীণাতি। ক্রীণীতে ক্রীণাতে ক্রীণতে। লোট্ হি—ক্রীণীহি। লঙ্-ত—অক্রীণীত। **অশ্** (Eat)—অশ্নাতি। লোট্ হি—**অশান**।

গ্রহ্ (Take)—গৃহ্নাতি। লোট্ হি—**গৃহাণ**। গ্রহীষ্যতি। লিট্—জগ্রাহ।

জ্ঞা (Know)—জানাতি, জানীতে। লোট্ হি—জানীহি। লৃট্—জ্ঞাস্যতি।

বন্ধ্ (Bind)—বধ্নাতি। লোট্ হি—**বধান**। লিট্—ববন্ধ।

(গ) অদাদি, হ্বাদি, রুধাদি

ই (Go)—এতি ইতঃ যন্তি। লোট্ হি—ইহি। **এহি**=আ+ইহি।

রুদ্ (Cry)—রোদিতি রুদিতঃ রুদন্তি। লোট্ হি—রুদিহি। লঙ্ দ্ (3rd per. sing.) **অরোদীৎ** (অরোদৎ) ; 2nd per. sing-**অরোদীঃ** (অরোদঃ)।

শাস্ (Rule)—শাস্তি **শিষ্টঃ শাসতি**। লোট্ হি—**শাধি**। লঙ্—**অশাৎ** অশিষ্টাম্ অশাসুঃ।

হন্ (Kill)—হন্তি হতঃ **ঘ্নন্তি**। লোট্ হি—**জহি**। লোট্ Ist per. sing হনানি। লঙ্—**অহন্** (3rd & 2nd per. sing.), অঘ্নন্ (3rd per. pl.)।

শী (Lie)—শেতে, শয়াতে, শেরতে। লঙ্—অশেত। শয়িষ্যতে।

ব্রূ (Speak) ব্রবীতি (আহ), ব্রূতঃ (আহতুঃ), ব্রুবন্তি (আহুঃ)। লৃট্—বক্ষ্যতি। লিট্—উবাচ। আত্মনেপদী—ব্রূতে ব্রুবাতে ব্রুবতে।

আস্ (Stay, Sit)—আস্তে আসাতে আসতে। আসীত (বিধিলিঙ্)।

দুহ্ (To milk)—দোগ্ধি দুগ্ধঃ দুহন্তি। ধোক্ষি (সি-যোগে)। লঙ্ দ্ ও স্—অধোক্ (3rd & 2nd per. sing)। লৃট্—ধোক্ষ্যতি।

হু (হোম করা-Sacrifice)—জুহোতি জুহুতঃ জুহ্বতি। লোট্ হি—জুহুধি।

হা—জহাতি জহিতঃ (জহীতঃ) জহতি। হি-যোগে—জহিহি (জহীহি, জহাহি)। লঙ্ অন্—অজহুঃ। দা—দদাতি দত্তঃ দদতি। লঙ্—অদদাৎ Pl—অদত্তুঃ। আত্মনেপদে—(লট্) দত্তে দদাতে দদতে।

ভী (Fear) –বিভেতি বিভিতঃ (বিভীতঃ) বিভ্যতি। বিভিহি (বিভীহি), আনি যোগে–বিভয়ানি। লঙ্ 3rd per. sing—অবিভেৎ, Pl —অবিভয়ুঃ।

ভুজ্ (Protect) পরস্মৈপদী—ভুনক্তি ভুঙ্ক্তঃ ভুঞ্জন্তি। লোট্ হি—ভুঙ্গ্ধি। লঙ্ দ্—অভুনক্। লৃট্—ভোক্ষ্যতি। রাজা পৃথিবীং ভুনক্তি।

ভুজ্ (Eat or Enjoy) আত্মনেপদী—ভুঙ্ক্তে ভুঞ্জাতে ভুঞ্জতে। সা অন্নং ভুঙ্ক্তে।

জাগৃ (to wake)—লট্—জাগর্তি জাগৃতঃ জাগ্রতি। লঙ্ দ্—অজাগঃ, Pl—অজাগরুঃ।

Exercise

1 Give the resulting form (প্রত্যয় যোগে সাধিত পদ লিখ) :—

স্না+লট্ তি, ইষ্+লট্ অন্তি, ইষ্+লৃট্ স্যতি, দিব্+লট্ অন্তি, মৃ+লট্ তে, বহ্+লৃট্ স্যতি, অশ্+লোট্ হি, শাস্+লোট্ হি, রুদ্+লঙ্ দ্, শাস্+লট্ 3rd pers. pl, আস্+লট্ অন্তে, জাগৃ+লট্ অন্তি, হন্+লঙ্ অন্, শী+লট্ অন্তে, হন্+লোট্ হি, ভী+লট্ অন্তি, প্রচ্ছ্+লৃট্ স্যন্তি, ভী+লঙ্ 3rd pers. pl., দুহ্+লঙ্ দ্।

বাচ্য (Voice)

বাচ্য তিনটি—কর্তৃবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য। (১) যেখানে কর্তৃপদ প্রধান, ক্রিয়া কর্তার কথাই বলিয়া দেয়, কর্তার পুরুষ ও বচন কি, ক্রিয়া তাহাই জানাইয়া দেয়—তাহাকে বলে **কর্তৃবাচ্য**। (২) যেখানে কর্মপদের প্রাধান্য, ক্রিয়া কর্মের কথাই বলিয়া দেয়, (কর্তা হয় অনুক্ত), সেখানে **কর্মবাচ্য** হয়। **ভাববাচ্যে** ক্রিয়ার ঘটনাটিকেই প্রধানভাবে বলা হয়। ভাববাচ্যে কর্ম নাই।

কর্তৃবাচ্যে—কর্তায় প্রথমা, কর্মে দ্বিতীয়া। ক্রিয়াপদ **কর্তার অনুরূপ** অর্থাৎ কর্তায় যে পুরুষ, যে বচন, ক্রিয়াতেও সেই পুরুষ ও সেই বচন হয়। স স্তোত্রং **পঠতি**। তে গৃহং **গচ্ছন্তি**। ত্বং পুস্তকম্ পঠসি। শিশুঃ শেতে।

কর্মবাচ্যে—কর্মে (অর্থাৎ উক্ত কর্মে) ১মা, কর্তায় (অনুক্ত কর্তায়) ৩য়া, ক্রিয়াপদ প্রথমান্ত **কর্মের অনুরূপ**। ধাতুটি আত্মনেপদী এবং লট্, লোট্, লঙ্ বিধিলিঙে বিভক্তির পূর্বে **যকার** আগম হয়। বালকৈঃ চন্দ্রো দৃশ্যতে। ময়া ত্বং দৃশ্যসে। যুষ্মাভিঃ অহং দৃশ্যে।

ভাববাচ্যে—কর্তায় (অনুক্ত কর্তায়) ৩য়া, কর্ম থাকে না, ধাতুটি আত্মনেপদী ও লট্ প্রভৃতি চারিটির বিভক্তিগুলিতে য আগম হয় এবং ক্রিয়াপদ নিত্য প্রথম পুরুষের একবচন। শিশুনা শয্যতে। ময়া স্থীয়তে। তৈর্হস্যতে।

বাচ্যান্তরের নিয়ম—কর্তৃবাচ্য হইতে **কর্মবাচ্যে** পরিবর্তন করিতে হইলে **কর্তায়** ও কর্তার বিশেষণে **৩য়া**, **কর্মে** ও কর্মের বিশেষণে **১মা** হয়। **দ্বিকর্মক স্থলে** শুধু একটিকেই প্রথমান্ত করিতে হয়। [নী, হৃ, কৃষ্, বহ্— মাত্র এই চারিটি দ্বিকর্মক ধাতুতে মুখ্য কর্মে প্রথমা, আর সবের গৌণ কর্মে ১মা—পরে দ্রষ্টব্য]। ক্রিয়াপদে লট্ প্রভৃতি চারিটির বিভক্তিতে মূল ধাতু ও বিভক্তির মধ্যে যকার আগম হয়। লৃট্ বা লিটের ক্রিয়াপদে য হয় না, কেবল আত্মনেপদ হয়। অকর্মক ক্রিয়ার বেলায় **ভাববাচ্য** করিতে হইলে কর্তায় তৃতীয়া, ক্রিয়াপদে নিত্য **প্রথম পুরুষ একবচন**।

তে অশ্বং **পশ্যন্তি**—তৈঃ অশ্বঃ দৃশ্যতে (কর্মবাচ্য)।
নৃপঃ ধনং দাস্যতি—নৃপেণ ধনং দাস্যতে (কর্মবাচ্য)।
স তিষ্ঠতি—তেন স্থীয়তে (ভাববাচ্য)।

সকর্মক ধাতুর কর্তৃবাচ্যে ক্তবতু থাকিলে কর্ম ও ভাববাচ্যে ক্ত হয়। যথা :—

স মৃগং দৃষ্টবান্—তেন মৃগঃ দৃষ্টঃ। স মৃতঃ—তেন মৃতম্ (ভাববাচ্যে ক্তপ্রত্যয়ান্ত শব্দ নিত্য ক্লীবলিঙ্গ একবচন)।

কর্মকর্তৃবাচ্য—তিনটি বাচ্য ছাড়াও একটি বাচ্য আছে। ইহাকে কর্ম-কর্তৃবাচ্য বলে। সেই স্থলে কর্তা থাকে না। কর্মই শুধু থাকে (কর্মে ১মা), কর্তার গুণে কর্ম আপনা আপনিই নিষ্পন্ন হয়। ক্রিয়াপদ কর্মবাচ্যের মত প্রথমান্ত কর্মের অনুরূপ—ছিদ্যতে বৃক্ষঃ (স্বয়মেব)। পচ্যতে ওদনঃ (স্বয়মেব)।

ক্রিয়মাণন্তু যৎ কর্ম স্বয়মেব হি সিধ্যতি।
সুকরৈঃ স্বৈগুর্ণৈঃ কর্তুঃ কর্মকর্তেতি তদ্বিদুঃ॥

কর্ম ও ভাববাচ্যে লট্-এর ক্রিয়াপদের দৃষ্টান্ত

ধাতু	রূপ	ধাতু	রূপ	ধাতু	রূপ
অস্	ভূয়তে	দৃশ্	দৃশ্যতে	ভূ	ভূয়তে
কৃ	ক্রিয়তে	ধা	ধীয়তে	বদ্	**উদ্যতে**
কৄ	কীর্যতে	পা	পীয়তে	বস্	**উষ্যতে**
গম্	গম্যতে	প্রচ্ছ্	পৃচ্ছ্যতে	বহ্	উহ্যতে
গৈ	**গীয়তে**	বন্ধ্	বধ্যতে	হ্বে	হূয়তে
চি	**চীয়তে**	ব্রূ, বচ্	উচ্যতে	শাস্	শিষ্যতে
দা	দীয়তে	ভুজ্	ভুজ্যতে	শ্রু	শ্রূয়তে

লৃট্-এর দৃষ্টান্তঃ করিষ্যতি—করিষ্যতে। গমিষ্যতি—গমিষ্যতে।

লিট্-এর দৃষ্টান্তঃ জগাম—জগ্মে। চকার—চক্রে। উবাচ—উচে।

Exercise

1. Change the voice (বাচ্যান্তর কর) :—

স জলং পিবতি। তৌ চন্দ্রং পশ্যতঃ। বিদ্যা বিনয়ং দদাতি। অহং পিতরৌ নমামি। ভারং বহতি গর্দভঃ। তে বনে তিষ্ঠন্তি। অহং ত্বাম্ পশ্যামি। শিশবঃ হসন্তি। গচ্ছতু ভবান্। সঃ রাজ্যং প্রাপ্তবান্।

ক্রিয়া

সকর্মক ও অকর্মক

ক্রিয়া দুই প্রকার: **অকর্মক** (Intransitive) ও **সকর্মক** (Transitive)। সকর্মক ক্রিয়াতে যদি কর্মের বিবক্ষা না থাকে, অর্থাৎ বক্তা যদি কর্মের কথা কিছু বলিতে না চাহে, সেখানেও অকর্মক হইবে। যথা, স বদতি (কর্ম নাই)। রামঃ গৃহং গচ্ছতি (সকর্মক), কিন্তু রামঃ গৃহে গচ্ছতি (অকর্মক)—যাওয়া কাজটি গৃহের আধারে হইতেছে। গৃহটিকে কর্মরূপে বলিবার ইচ্ছা নাই।

অকর্মক ক্রিয়া সাধারণতঃ ভূ, স্থা, মৃ, শী ইত্যাদি। নিম্নের ধাতুগুলি ও উহাদের পর্যায়বাচক ধাতু সব অকর্মক :—

সত্তা লজ্জা-স্থিতি-জাগরণং বৃদ্ধি-ক্ষয়-ভয় জীবন-মরণম্।
নর্তন-নিদ্রা রোদন-বাসাঃ স্পর্ধা-কম্পন-মোদন হাসাঃ॥
শয়ন-ক্রীড়া-রুচি-দীপ্ত্যর্থা ধাতব এতে কর্মণি নোক্তাঃ।

সত্তা অর্থাৎ থাকা—যেমন, অস্তি, বিদ্যতে, বর্ত্ততে। এই প্রকার লজ্জতে, তিষ্ঠতি, জাগর্তি, বর্ধতে, ক্ষযতি, বিভেতি, জীবতি, ম্রিয়তে, শেতে ইত্যাদি।

অকর্মক ক্রিয়া অবস্থাবিশেষে (উপসর্গযোগে বা অর্থবিশেষে) সকর্মক হইতে পারে। বালকঃ শেতে (অকর্মক), বালকঃ শয্যাম্ অধিশেতে (সকর্মক)।

সকর্মক ক্রিয়া দুই প্রকার : এককর্মক, দ্বিকর্মক। দ্বিকর্মক ক্রিয়া ষোলটি—দুহ্, যাচ্ ইত্যাদি ১২টি, এবং নী, হৃ, কৃষ্, বহ্—এই চারিটি।

দুহ্যাচ্-পচ্-দণ্ড্-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মন্থ্-মুষাম্।
কর্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্-নী হৃ-কৃষ্-বহাম্

যথা—গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি (milks the cow)। নৃপং যাচতে ধনং দরিদ্রঃ। স বৃক্ষং ফলানি চিনোতি (plucks).

দুহ্, যাচ্, ব্রূ প্রভৃতি ধাতুগুলির সমার্থক যে ধাতু—তাহাদেরও দুইটি কর্ম। যেমন—শিষ্যঃ গুরুং প্রশ্নং বদতি। স গৃহস্থম্ অন্নং ভিক্ষতে।

দুইটি কর্মের মধ্যে একটি মুখ্য বা প্রধান (Direct), আর একটি **গৌণ** বা অপ্রধান (Indirect)।

গৌণ (বা অপ্রধান) কর্ম কোন্‌টি ?—বাক্যটির বাংলা করিলে যেটিতে কর্ম ভিন্ন অন্য বিভক্তি বসে, সেটি গৌণ। গোয়ালা গরুর দুধ বা গরু হইতে দুধ দোহে, অতএব গরু গৌণকর্ম। গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি। এইরূপ—বিপ্রঃ বৃক্ষম্ পুষ্পং চিনোতি (বৃক্ষম্—গৌণকর্ম)।

দ্বিকর্মক ক্রিয়ার বাচ্যান্তরঃ মনে রাখ—**"প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্"।** বাচ্যান্তর করিতে হইলে দুহ্, যাচ্ প্রভৃতি **বারটির গৌণ কর্মে ১মা হয়,** মুখ্যটিতে কর্মে দ্বিতীয়াই থাকিবে। কিন্তু নী, হৃ, কৃষ্, বহ্—এই চারিটিতে **মুখ্য কর্মেই ১মা** হইবে। উহাদের গৌণ কর্ম অপরিবর্তিত থাকিবে।

গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি—গোপেন **গৌঃ** দুগ্ধং দুহ্যতে (গৌণে ১মা)।
বিপ্রঃ ধনিনং ধনং যাচতে—বিপ্রেণ **ধনী** ধনং যাচ্যতে („ „)।
ভৃত্যঃ ছাগং গ্রামং নয়তি—ভৃত্যেন **ছাগঃ** গ্রামং নীয়তে (মুখ্যে ১মা)।
অশ্বঃ ভারং গৃহং বহতি—অশ্বেন **ভারঃ** গৃহম্ উহ্যতে („ „)।

Exercise

1. Illustrate the following (বাক্যে প্রয়োগ দেখাও) :

(*a*) An intransitive verb. (*b*) An intransitive verb used as transitive. (*c*) A transitive verb used intransitively. *d*) A verb governing double objects. (*e*) Passive voice in the case of a verb governing double objects.

2. Change into the passive voice (বাচ্যান্তর কর) :

(i) শিষ্যঃ আচার্যং ধর্মং পৃচ্ছতি। (ii) বৃক্ষং পুষ্পং চিনোতি বালিকা। (iii) রাবণঃ সীতাং লঙ্কাং হরতি। (iv) গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি।

অব্যয়

যে সকল শব্দের বিভক্তি, বচন ও লিঙ্গ অনুসারে রূপের পরিবর্তন হয় না, উহাদিগকে অব্যয় বলে—**যন্ন ব্যেতি তদব্যয়ম্**। অব্যয় নিত্য ক্লীবলিঙ্গ।

Above—উপরি (গৃহস্য উপরি)।
Again—পুনঃ (গচ্ছ পুনরাগমনায়)।
Aloud—উচ্চৈঃ (স উচ্চৈর্গায়তি)।
Always—সদা, সর্বদা।
At night—নক্তম্।
Behind—পশ্চাৎ।
Below—অধঃ (বৃক্ষস্য অধঃ)।
By day—দিবা (দিবায়াম্ ভুল)।
Certainly—নূনম্, এব, বৈ, অবশ্যম্।
Each other—মিথঃ।
Falsehood, falsely—মিথ্যা (স্ত্রীলিঙ্গ নহে)
Formerly—পুরা, প্রাক্।
Fortunately—দিষ্ট্যা (দিষ্ট্যা স বর্ধতে)
Here—অত্র।
How—কথম্।
If—যদি।
If not—নো চেৎ।
Indeed—হি।
In the evening—সায়ম্।
In the morning—প্রাতঃ।
In vain—বৃথা, মুধা।
Like—ইব।
(A) little—ঈষৎ, মনাক্।

Much—অতীব, ভৃশম্।
Now—অধুনা, ইদানীম্।
Often—অসকৃৎ, প্রায়শঃ।
Once—সকৃৎ।
Only—এব।
Otherwise—অন্যথা।
Quickly—দ্রাক্, ঝটিতি।
Recently—সম্প্রতি।
Silently—তূষ্ণীম্।
Slowly—শনৈঃ।
So—অতঃ, তথা।
Soon—সপদি, তূর্ণম্।
Suddenly—অকস্মাৎ।
Then—তর্হি, তদা, ততঃ, অথ।
There—তত্র।
Thus—ইত্থম্, এবম্।
To and fro—ইতস্ততঃ।
Today—অদ্য।
Tomorow—শ্বঃ।
When—কদা, যদা।
Where—কুত্র, যত্র।
Yes—অথ কিম্, বাঢ়ম্।
Yet—তথাপি।

কারক ও বিভক্তি

ক্রিয়ান্বয়ি কারকম্ঃ যে পদ ক্রিয়াপদের সহিত সম্পর্কিত, ক্রিয়ার সহিত যাহার সম্বন্ধ আছে, তাহাকে কারক বলে। সম্বন্ধপদ কারক নহে—**'সম্বন্ধঃ কারকাদন্যঃ'**, ক্রিয়ার সহিত ইহার সম্বন্ধ নাই—যেমন রাজ্ঞঃ **পুত্রঃ** (পুত্রের সঙ্গেই সম্বন্ধ)। কারকের অর্থ বুঝাইতে আর সংখ্যা বুঝাইতেও বিভক্তি (case-ending) হয়—**সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ**। সুপ্ বা তিঙ্ বিভক্তির যোগ ব্যতীত পদ হয় না—**"সুপ্তিঙন্তং পদম্"**। বাক্যে পদেরই ব্যবহার—**'নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত'**। ধাতুর পরে তি, তস্ প্রভৃতি ধাতুবিভক্তি হয়। কিন্তু শব্দের অর্থাৎ প্রাতিপদিকের পর সু ঔ জস্ প্রভৃতি বিভক্তি হয়—ওইগুলি **সুপ্** বা **নামবিভক্তি** প্রথমা হইতে সপ্তমী পর্যন্ত।

সুপ্ বা নামবিভক্তি কারকের অর্থে বা কারক নহে, এমন অর্থেও হয় (যেমন সম্বন্ধে ৬ষ্ঠী)। পদযোগে বিভক্তি যথা—গৃহং প্রতি, গ্রামং নিকষা ইত্যাদি।

সংস্কৃতে প্রথমা ও ষষ্ঠী বিভক্তি সাক্ষাৎভাবে কারকবিভক্তি নহে। কর্তায় যে প্রথমা দেখা যায়—উহা প্রাতিপদিকার্থে প্রথমা। অবস্থা-বিশেষে বিভিন্ন কারকে প্রথমা ও ষষ্ঠী হইতে পারে—অসিশ্ছিনত্তি, বালকস্য ভোজনম্।

প্রথমা

প্রাতিপদিকার্থে প্রথমা—শব্দের অর্থমাত্র বুঝাইবার জন্য ১মা। ইহাকে অভিধেয়মাত্রে প্রথমাও বলে। যেমন—রামঃ, বুদ্ধিঃ, উচ্চৈঃ।

লিঙ্গার্থে (বিশেষ লিঙ্গ বুঝাইতে) প্রথমা—তটঃ, তটী, তটম্।

সম্বোধনে প্রথমা—হে দেব! হে মাতঃ!

অব্যয়যোগে চ—ইতি প্রভৃতি অব্যয়যোগে ১মা। দশরথ ইতি রাজা আসীৎ। 'নাম' অব্যয়যোগে ১মা বলা ভুল।

উক্তকর্মণি প্রথমা—(অর্থাৎ কর্মবাচ্যে কর্মে)—রামেণ **রাবণঃ** হতঃ।

(উক্তে) কর্তরি প্রথমা—বালকঃ ধাবতি (প্রাতিপদিকার্থে ১মা বলে)।

দ্রষ্টব্য ঃ—কর্তা ও প্রাতিপদিকার্থ সম্বন্ধে আলোচনা উত্তর তরঙ্গে দেখ।

দ্বিতীয়া

কর্তুরীপ্সিততমং কর্ম—কর্তা ক্রিয়ার দ্বারা যাঁহাকে বা যে বস্তুটিকে পরম অভীষ্টরূপে পাইতে চায়, তাহাই কর্ম (Accusative)।

কর্মণি দ্বিতীয়া—রামো রাবণং জঘান। ক্রিয়াবিশেষণে চ—ক্রিয়া-বিশেষণে ২য়া ক্লীবলিঙ্গ ও একবচন—স **ক্রুতং** যাতি। সা **মৃদু** ভাষতে।

অধিকরণে কর্ম—(১)—**অধিশীঙ্স্থাসাং কর্ম**—অধি+শী, অধি+স্থা, অধি+আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম হয়। শিশুঃ **শয্যাম্** অধিশেতে। **বনম্** অধিতিষ্ঠতি রামঃ। হরির্**বৈকুণ্ঠম্** অধ্যাস্তে।

(২) **উপান্বধ্যাঙ্বসঃ**—উপ, অনু, অধি বা আ-পূর্বক বস্ ধাতুর অধিকরণে কর্ম হয়। যথা—সঃ অনুবসতি, অধিবসতি, আবসতি, উপবসতি গৃহম্। উপবাস (fasting) অর্থে উপ+বস্ ধাতু অকর্মক—স গৃহে উপবসতি।

অন্তরান্তরেণ যুক্তে—অন্তরা ও অন্তরেণ যোগে দ্বিতীয়া হয়। অন্তরা= Between, রামম্ শ্যামম্ চ অন্তরা স উপবিশতি। অন্তরেণ=Without, শ্রমম্ অন্তরেণ বিদ্যা ন ভবতি।

অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা-প্রতিযোগেঽপি—এইগুলির যোগে ২য়া। নদীম্ অভিতঃ (towards)। গ্রামম্ পরিতঃ (around) বনম্। নদীং সময়া বা নিকষা (near) বনম্। হা (fie on) মূর্খম্। দীনং প্রতি।

কর্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া—ক্রিয়া লুপ্ত, ভূতপূর্ব উপসর্গ অব্যয় রূপে বর্তমান, উহার নাম কর্মপ্রবচনীয়। উহার সহিত সম্পর্কবশতঃ দ্বিতীয়া। জপম্ অনু (জপের পরই) প্রাবর্ষৎ। অতি দেবান্ কৃষ্ণঃ—Krishna excells gods.

কালাধ্বনোরত্যন্তসংযোগে—ব্যাপ্তি (duration) অর্থে কাল ও পথবাচক শব্দে ২য়া হয়। স **মাসম্** ব্যাকরণং পঠতি। **ক্রোশং** গিরিস্তিষ্ঠতি।

সম্প্রদানে কর্ম—ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম। উপসর্গযুক্ত **ক্রুধ্** ও **দ্রুহ্** ধাতুর যোগে সম্প্রদান না হইয়া কর্ম হয়—প্রভুঃ **ভৃত্যম্** অভিক্রুধ্যতি।

তৃতীয়া

সাধকতমং করণম্ (Instrumental)—যাহা ক্রিয়াসিদ্ধির প্রকৃষ্টভাবে উপকার করে তাহাই করণ। **করণে ৩য়া,**—চক্ষুষা পশ্যামি। অসিনা ছিনত্তি।

অনুক্তকর্তরি তৃতীয়া—সূত্র—কর্তৃকরণয়োস্তৃতীয়া—কর্ম ও ভাববাচ্যে অনুক্ত কর্তায় এবং করণে ৩য়া। **রামেণ** রাবণো হতঃ। **তৈঃ হসতে।**

প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্—প্রকৃতি প্রভৃতি কতকগুলি শব্দে ৩য়া হয়। প্রকৃত্যা সুন্দরঃ। জাত্যা ব্রাহ্মণঃ। নাম্না দশরথঃ। বিশেষ্য পদের দ্বারা ক্রিয়াবিশেষণের অর্থে 'প্রকৃত্যাদিভ্যস্তৃতীয়া' বলা যায়—অশ্বঃ **বেগেন** ধাবতি।

অপবর্গে তৃতীয়া—ক্রিয়াসমাপ্তি ও ফললাভ বুঝাইলে পথ ও কালবাচক শব্দে ৩য়া হয়। স **মাসেন** ব্যাকরণং পঠতি (পড়িয়া জ্ঞান লাভ করিতেছে)। **ক্রোশেন** গ্রন্থঃ পঠিতঃ।

সহার্থ শব্দ যোগে তৃতীয়া—সহার্থক শব্দ (সহ, সার্ধম্, সাকম্, মম্) যোগে অপ্রধানটিতে ৩য়া। রামঃ লক্ষ্মণেন সহ বনং গতঃ। **সূত্র—সহযুক্তেঽপ্রধানে।** সহার্থক শব্দ উহ্য থাকিলেও তৃতীয়া হয়। বৃদ্ধঃ **বালকেন** অগচ্ছৎ।

করণে কর্ম (বিকল্পে)—**দিবঃ কর্ম চ।** রাজা অক্ষৈঃ অক্ষান্ বা দীব্যতি।

ঊনবারণপ্রয়োজনার্থৈশ্চ—ঊন, বারণ ও প্রয়োজনার্থক শব্দ যোগে তৃতীয়া। ধনেন কিম্ প্রয়োজনম্? জ্ঞানেন হীনাঃ পশুভিঃ সমানাঃ। **অলং** (বারণার্থে) বিবাদেন। পাণিনিমতে এগুলি **করণে** ৩য়া, ক্রিয়া উহ্য, যেমন—বিবাদেন অলম্ অর্থাৎ ন কিমপি বিবাদেন সাধ্যম্ অস্তি।

যেনাঙ্গবিকারঃ—যে অঙ্গের বিকৃতি (defect) হওয়ায় দেহধারীর বিকৃতি লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দে ৩য়া হয়। **অক্ষ্ণা কাণঃ।** স **পাদেন খঞ্জঃ।**

ইত্থম্ভূতলক্ষণে—কোন বিশেষ লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোন বস্তুর পরিচয় হইলে সেই লক্ষণবাচক শব্দে তৃতীয়া হয়। **জটাভিঃ** তাপসং পশ্যামি।

হেতৌ তৃতীয়া—স ধান্যেন ধনবান্। হর্ষেণ নৃত্যতি। পুণ্যেন দৃষ্টো হরিঃ।

চতুর্থী

যস্মৈ দানং সম্প্রদানম্—যাহাকে দান করা হয়, উহাকে সম্প্রদান (Dative) বলে। যেমন **দরিদ্রকে দান** অর্থাৎ স্বত্বত্যাগ করিয়া দান।

চতুর্থী সম্প্রদানে—রাজা দরিদ্রায় ধনং যচ্ছতি।

ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্—কর্তা যাহার উদ্দেশ্যে কাজ করে বা কাজের দ্বারা যাহার প্রীতিবিধান করে, তাহাতেও সম্প্রদানে ৪র্থী হয়। ইহাকে **ক্রিয়াযোগে চতুর্থীও** বলে—**রাজ্ঞে** আবেদয়তি ভৃত্যঃ। স বালকায় সর্বং দর্শয়তি। পিতা পুত্রায় ক্রীড়নকম্ (toy) আনয়তি।

রুচ্যর্থানাং প্রীয়মাণঃ—রুচ্যর্থ ধাতুর যোগে যে তৃপ্তি লাভ করে, তাহা সম্প্রদান। **শিশবে** রোচতে মোদকঃ। I like him—স মহ্যং রোচতে।

ধারেরুত্তমর্ণঃ—ধারি ধাতুর যোগে উত্তমর্ণ অর্থাৎ যে ধার দেয়, তাহাতে ৪র্থী। দেবদত্তায় শতং ধারয়ামি।

স্পৃহেরীপ্সিতঃ—পুষ্পেভ্যঃ স্পৃহয়তি বালা। ঈপ্সিততম বুঝাইলে কর্ম হয়।

ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ (সম্প্রদান)—**ভৃত্যায়** ক্রুধ্যতি প্রভুঃ।

প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ পূর্বস্য কর্তা—প্রতি বা আ-পূর্বক শ্রু-ধাতুর যোগে প্রতিশ্রুতি অর্থে যে প্রার্থী, তাহাতে সম্প্রদানে ৪র্থী। **বিপ্রায়** রাজা শতং প্রতিশৃণোতি।

তাদর্থ্যে চতুর্থী বাচ্যা (নিমিত্তার্থে)—কুণ্ডলায় এতদ্ হিরণ্যম্। মুক্তয়ে স হরিং ভজতি।

নিবৃত্তৌ নিবর্তনীয়াৎ—নিবারণ বুঝাইলে যাহার নিবারণার্থে কোন ব্যবস্থা করা হয়, তাহাতে চতুর্থী। যথা—মশকায় ধূমঃ। রোগায় ঔষধম্।

কৃপি সম্পদ্যমানে চ—কৃপ্, জন্ প্রভৃতি ধাতুর যোগে, যাহা 'সম্পন্ন' হয় তাহা সম্প্রদান। ভক্তিঃ **মোক্ষায়** কল্পতে (Devotion leads to emancipation)। বিদ্যা ভবতি **জ্ঞানায়**।

ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ—তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়ার উল্লেখ না থাকিলে উহার ভূতপূর্ব কর্মে চতুর্থী হয়—স ফলায় (ফলম্ আনেতুম্) যাতি। দেবায় নমস্করোমি (দেবম্ অনুকূলয়িতুম্)।

তুমর্থাচ্চ ভাববচনাৎ—করিতে, যাইতে প্রভৃতি তুমুন্-এর অর্থ বুঝাইতে ভাববাচক কৃৎ প্রত্যয়যুক্ত শব্দের উত্তর (অর্থাৎ ক্রিয়াবাচক বিশেষ্যের পর) চতুর্থী হয়—বিপ্রঃ যাগায় যাতি (যষ্টুং যাতি ইত্যর্থঃ)। স্নানায় (স্নাতুম্) যাতি।

নমঃস্বস্তি-স্বাহাস্বধালং-বষড়্যোগাচ্চ—নমঃ কৃষ্ণায়। তুভ্যং স্বস্তি। অগ্নয়ে স্বাহা। অলং (অর্থাৎ সমর্থঃ) মল্লো মল্লায় (মল্ল অর্থাৎ কুস্তীগির)।

কিন্তু হরিং নমস্করোমি—এখানে কর্মকারকে ২য়া। **'উপপদবিভক্তেঃ কারক-বিভক্তির্বলীয়সী'**—পদযোগে অর্থাৎ নমঃ শব্দ যোগে ৪র্থী বিভক্তি অপেক্ষা নমস্ কৃ ক্রিয়ার কর্ম কারকের বিভক্তি বলবান্।

মন্যকর্মণ্যনাদরে বিভাষা—অবজ্ঞাভরে কোন কিছুকে যাহা মনে করা হয় তাহাতে ৪র্থী—অহং ত্বাং তৃণায় (তৃণম্ বা) মন্যে। ইহা **অনাদরে চতুর্থী**। কিন্তু শৃগাল, কাক, শুক, নৌ, অন্ন—এই কয়টিতে কর্মই হয়। নাহং ত্বাং শৃগালং মন্যে।

বা গত্যর্থকর্মণি চেষ্টায়ামনধ্বনি—স গৃহায় (গৃহং বা) গচ্ছতি। চেষ্টা না বুঝাইলে চতুর্থী হয় না—স মনসা মথুরাং গচ্ছতি। পথের বেলায় ২য়া—পন্থানং যাতি।

পঞ্চমী

ধ্রুবমপায়েঽপাদানম্—যে স্থির বা অপেক্ষাকৃত স্থির পদার্থ হইতে বিশ্লেষ (separation) বোঝায়, তাহা অপাদান (Ablative)।

অপাদানে পঞ্চমী—বৃক্ষাৎ পত্রাণি পতন্তি। মেঘাৎ বৃষ্টির্ভবতি।

ভীত্রার্থানাং ভয়হেতুঃ—ভী ও ত্রৈ ধাতুর বা উহাদের সমার্থক ধাতুর প্রয়োগে ভয়ের হেতু অপাদান। স ব্যাঘ্রাদ্ বিভেতি। বিপদ্ভ্যঃ ত্রায়তে হরিঃ।

পরাজেরসোঢ়ঃ—পরা-পূর্বক জি-ধাতুর যোগে যাহা অসহ্য, তাহা অপাদান। ছাত্রঃ অধ্যয়নাৎ পরাজয়তে (finds study unbearable)।

আখ্যাতোপযোগে—যাহার নিকট নিয়মপূর্বক কিছু শিক্ষা করা হয়, তাহা অপাদান। **আচার্যাৎ** স বেদম্ অধীতে।

বারণার্থানামীপ্সিতঃ—যে ঈপ্সিত বস্তু হইতে অন্যকে নিবারণ করা হয়, তাহাতে অপাদানে ৫মী—**যবেভ্যঃ** গাং বারয়তি।

জনিকর্তুঃ প্রকৃতিঃ—যাহা হইতে কোন বস্তু উৎপন্ন হয়, উৎপত্তির উপাদান সেই বস্তু হয় অপাদান। **দুগ্ধাৎ** ঘৃতং জায়তে। **কামাৎ** জায়তে লোভঃ।

ভুবঃ প্রভবঃ—যাহা হইতে কোন কিছু আবির্ভূত হয় বা প্রকাশ পায়, তাহা অপাদান। যথা—**হিমালয়াৎ** গঙ্গা প্রভবতি।

কর্মণি বা অধিকরণে ৫মী : ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ—ল্যপ্-প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগে উহার কর্মে বা অধিকরণে ৫মী। **প্রাসাদাৎ** পশ্যতি রাজা (প্রাসাদম্ আরুহ্য—কর্মে ৫মী)। **আসনাৎ** পশ্যতি মুনিঃ (আসনে উপবিশ্য—অধিকরণে ৫মী)। **শ্বশুরাৎ** লজ্জতে (শ্বশুরং বীক্ষ্য—কর্মে ৫মী।)

অন্যার্থৈঃ—অন্যার্থক পদযোগে ৫মী। এতস্মাৎ অয়ম্ অন্যঃ (ভিন্নঃ, ইতরঃ)।

দিগ্‌দেশকালবাচিভিঃ—দিক্, দেশ ও কালবাচক শব্দের যোগে ৫মী। **গৃহাৎ** পূর্বস্যাং দিশি নদী। **শয়নাৎ** পূর্বম্। স্নানাৎ প্রাক্ (Before)।

নিকৃষ্টাদেকোৎকর্ষে—যাহা অপেক্ষা উৎকর্ষ বা অপকর্ষ তাহাতে ৫মী (পাণিনি-সূত্র হইল—'পঞ্চমী বিভক্তে')—জন্মভূমিঃ স্বর্গাদপি গরীয়সী।

করণে ৫মী—করণে চ স্তোকাল্পকৃচ্ছ্রকতিপয়স্য—অল্পাৎ (অল্পেন) মুক্তঃ।

আহিযুক্তে—গ্রামাৎ দক্ষিণা বা দক্ষিণাহি (to the south) সরঃ।

বহিরারাৎপ্রভৃতিভিশ্চ—**গৃহাৎ** বহিঃ। গ্রামাৎ আরাৎ (নিকটে বা দূরে)। শৈশবাৎ প্রভৃতি (হইতে—এই অর্থে)। **ঋতেযুক্তে—গ্রমাৎ** ঋতে।

পৃথগ্‌নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্—ধনাৎ (ধনং, ধনেন বা) বিনা।

হেতৌ পঞ্চমী—স হর্ষাৎ নৃত্যতি।

কর্মপ্রবচনীয়ে পঞ্চমী—প্রদ্যুম্নঃ **কৃষ্ণাৎ** প্রতি (প্রতিনিধি এই অর্থে)। অপ (পরিত্যাগ করিয়া) **হরেঃ** সংসারঃ। আ (পর্যন্ত অর্থে) **মুক্তেঃ** সংসারঃ। সূত্র—**পঞ্চম্যপাঙ্‌পরিভিঃ**। বিশেষ বিশেষ অর্থে অপ, পরি, আ **কর্মপ্রবচনীয়**।

ষষ্ঠী

ষষ্ঠী শেষে—কারক ও প্রাতিপাদিকার্থ প্রভৃতি ভিন্ন যে স্ব-স্বামিভাব সম্বন্ধ তাহাকে 'শেষ' বলা হয়—**উক্তাদন্যঃ শেষঃ** ; এই শেষ স্থলে ষষ্ঠী হইবে। স্ব-স্বামিভাব প্রভৃতি সম্বন্ধ (Genitive), যথা—**মম** গৃহম্। রাজ্ঞঃ পুত্রঃ।

দ্রষ্টব্য :—পূর্বে যে সকল স্থলে অন্য অন্য বিভক্তির উল্লেখ করা হইয়াছে, সেই সকল স্থলে অন্য সব বিভক্তির ব্যবহার না করিলে ষষ্ঠী হয় ; তখন বলা হয়—**শেষবিবক্ষয়া ষষ্ঠী**। যেমন—'বিপ্রায় দদাতি' স্থলে 'বিপ্রস্য দদাতি'। 'তাবদ্ ভয়াৎ ভেতব্যম্' স্থলে 'তাবদ্ ভয়স্য ভেতব্যম্'।

ষষ্ঠী হেতুপ্রয়োগে—(হেতুশব্দ প্রয়োগে) **ধনস্য হেতোঃ** স প্রভুং সেবতে।

এনপা (এনপ্ প্রত্যয়ান্ত পদযোগে) দ্বিতীয়া চ—**গৃহস্য** (গৃহং বা) দক্ষিণেন অরণ্যম্। গৃহাৎ উত্তরেণ (to the north)।

কর্মণি ষষ্ঠী—বা স্মৃত্যর্থদয়েশাং কর্মণি—স্মৃত্যর্থ ও দয়্ প্রভৃতি ধাতুর কর্মে বিকল্পে ষষ্ঠী হয়। পুত্রঃ **মাতুঃ (মাতরম্** বা) স্মরতি। ধনী দরিদ্রাণাং (দরিদ্রান্ বা) দয়তে। ইহা কৃদ্‌যোগে কর্মে ষষ্ঠী হইতে পৃথক্।

করণে ষষ্ঠী—অগ্নিঃ **কাষ্ঠানাং** (বা কাষ্ঠৈঃ) ন তৃপ্যতি।

অধিকরণে ষষ্ঠী—কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে—'কৃত্বঃ' অর্থাৎ একবার (দুইবার, তিনবার) এই সব অর্থের প্রত্যয়যোগে কালবাচক অধিকরণ শব্দে ষষ্ঠী হয়—স **দিবসস্য দ্বিঃ** ভুঙ্‌ক্তে। স **দিনস্য** পঞ্চকৃত্বঃ অধীতে।

কর্তৃকর্মণোঃ কৃতি—কৃদ্‌যোগে কর্তায় এবং কর্মে ষষ্ঠী হয়। বালকস্য ভোজনম্ (**কর্তায় ষষ্ঠী**—ভোজন ক্রিয়ার কর্তা বালক)। দুগ্ধস্য পানম্ হিতকরম্ (**কর্মে ষষ্ঠী**—পান ক্রিয়ার কর্ম দুগ্ধ)।

উভয়প্রাপ্তৌ কর্মণি—কৃদ্‌যোগে একই সঙ্গে কর্তা ও কর্মে ষষ্ঠী হইবার প্রসঙ্গ হইলে, শুধু কর্মেই ষষ্ঠী হইবে, কর্তায় (অনুক্ত কর্তায়) তৃতীয়া হইবে। **বালকেন দুগ্ধস্য** পানম্। আশ্চর্যো **গবাং** দোহঃ অগোপেন।

কৃত্যানাং কর্তরি বা—তব্য, অনীয়, ক্যপ্, ণ্যৎ, যৎ—এই পাঁচটি কৃত্য-প্রত্যয়। এইগুলির যোগে কর্তায় **বিকল্পে ষষ্ঠী** (ষষ্ঠী বা তৃতীয়া) **হইবে।** মম (বা ময়া) করণীয়ম্ ইদম্। পুত্রস্য (পুত্রেণ বা) মাতা পূজ্যা।

ক্তস্য চ বর্তমানে—বর্তমান কাল বুঝাইতে ক্ত-প্রত্যয়ের ব্যবহার হইলে কর্তায় ষষ্ঠী হয়। বিদ্বান্ **সর্বেষাং** পূজিতঃ (সর্বৈঃ পূজ্যতে)। 'মতিবুদ্ধি-পূজার্থেভ্যশ্চ'—এই সূত্রে বর্তমানে ক্ত হয়। 'ইদং' **মম** মতম্ (ময়া মন্যতে)।

তুল্যার্থৈঃ ষষ্ঠীতৃতীয়ে—তুল্যার্থ শব্দযোগে ষষ্ঠী বা ৩য়া। **জ্ঞানস্য (বা জ্ঞানেন)** তুল্যং ধনং নাস্তি।

আশিষি কুশলাদিভিশ্চতুর্থী—কুশলাদি শব্দযোগে ৪র্থী। সুখং নৃপস্য (নৃপায় বা) ভূয়াৎ। কুশলাদি অর্থাৎ কুশল, ভদ্র, হিত ইত্যাদি।

অধিকরণবাচিনশ্চ—অধিকরণবাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে **কর্তায়** ষষ্ঠী হয়—ইদং **তেষাম্** শয়িতম্ ('শয়িতম্' অর্থে এখানে শয্যা)।

ন লোকাব্যয়-নিষ্ঠাখলর্থতৃনাম্—'ল' অর্থাৎ শতৃ, শানচ্ ইত্যাদি, উ, উক প্রভৃতি প্রত্যয়ের যোগে, অব্যয় এবং 'নিষ্ঠা' প্রত্যয় অর্থাৎ ক্ত, ক্তবতু যোগে, এবং খল্ ও তৃন্ প্রত্যয়ান্ত শব্দযোগে কর্তা ও কর্মে **ষষ্ঠী বিভক্তি হয় না।** সৃষ্টিং কুর্বন্। জলং পিপাসুঃ (জলস্য পিপাসুঃ ভুল)। এতৎ সুকরম্ (খল্ প্রত্যয়) ময়া।

সপ্তমী

আধারোঽধিকরণম্ (Locative)। অধিকরণে **সপ্তমী**—তিলেষু **তৈলম্** অস্তি। স **করে** ধৃতঃ—অধিকরণে ৭মী, কেহ কেহ বলেন, **অবচ্ছেদে ৭মী।**

নিমিত্তাৎ কর্মযোগে—নিমিত্তবাচক শব্দ কর্মের সহিত যুক্ত থাকিলে উহাতে ৭মী হয়। **চর্মণি** (চর্মের নিমিত্ত) দ্বীপিনং হন্তি **দন্তয়োর্হন্তি কুঞ্জরম্।**

কর্মণি ৭মী—ক্তস্যেন্বিষয়স্য কর্মণ্যুপসংখ্যানম্—ইন্-যুক্ত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে কর্মে ৭মী—স **ব্যাকরণে** অধীতী (অধীত+ইন্ প্রত্যয়)।

যস্য চ ভাবেন ভাবলক্ষণম্—ভাবে ৭মী : **যাহার** 'ভাব' অর্থাৎ ক্রিয়া সংঘটিত হইলে অন্য একটি কর্তার ক্রিয়া ঘটিয়া থাকে, তাহাতে **৭মী হয়।**

ইংরাজীতে ইহাকে বলা হয় Nominative Absolute, সংস্কৃতে ভাবে ৭মী। **রবৌ** উদিতে পদ্মং প্রকাশতে, (ভাবে ৭মীতে একটি বিশেষ্য, অন্যটি বিশেষণ)।

ষষ্ঠী চানাদরে—যাহাকে অবজ্ঞা করিয়া কিছু করা হয় তাহাতে ৬ষ্ঠী বা ৭মী। **রুদতি শিশৌ** (রুদতঃ শিশোঃ) মাতা জগাম।

যতশ্চ নির্ধারণম্—একজাতীয়ের মধ্য হইতে গুণ, ক্রিয়া প্রভৃতির দ্বারা একটিকে বাছিয়া লওয়াকে নির্ধারণ বলে। যাহা হইতে নির্ধারণ, তাহাতে ৬ষ্ঠী বা ৭মী হয়। **কবিষু (কবীনাং)** কালিদাসঃ শ্রেষ্ঠঃ। গোষু (গবাং) কৃষ্ণা বহুক্ষীরা।

অর্থভেদে বিভক্তিভেদ

(১) **মাসং** ব্যাকরণম্ অধীতে—মাসং ব্যাপ্য ইত্যর্থঃ (ব্যাপ্ত্যর্থে ২য়া)। **মাসেন** ব্যাকরণং অধীতে—পড়িয়া জ্ঞান লাভ করিতেছে (অপবর্গে ৩য়া)।

(২) **বনম্** উপবসতি—বনে বাস করে (উপান্বধ্যাঙ্ বসঃ—এই সূত্রে অধিকরণে কর্ম)। **বনে** উপবসতি—বনে উপবাস করে (fasts)—বনে অনাহারে আছে।

(৩) **গ্রামং** গচ্ছতি—গ্রামে উপস্থিত হইয়া যাইতেছে, গমন ক্রিয়ার দ্বারা গ্রামের প্রাপ্তি—কর্মে ২য়া। **গ্রামায়** গচ্ছতি—গ্রামের উদ্দেশ্যে যাইতেছে।

(৪) **পুষ্পাণি** স্পৃহয়তি—পুষ্প কর্তার ঈপ্সিততম, সুতরাং কর্মে ২য়া। **পুষ্পেভ্যঃ** স্পৃহয়তি—পুষ্প কর্তার প্রিয় বস্তু, এই মাত্র বুঝাইতেছে; কিন্তু উহা ঈপ্সিততম নহে এবং তজ্জন্য তীব্র আগ্রহ নাই।

(৫) **দেবম্** নমস্করোমি—নমস্কার ক্রিয়ার কর্মে ২য়া। **দেবায়** নমস্করোমি—'দেবায়' অর্থাৎ দেবং অনুকূলয়িতুম্—'ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ' এই সূত্রে চতুর্থী। এখানে নমঃশব্দযোগে চতুর্থী নহে।

(৬) **বিবাদেন** অলম্—বারণার্থে ৩য়া। **বিবাদায়** অলম্—সমর্থাথক অলম্ শব্দ যোগে চতুর্থী; ববাদ করিতে সমর্থ—এই অর্থ।

(৭) **সর্বৈঃ পূজিতঃ**—অতীতকালে সকলের দ্বারা পুজিত হইয়াছে। **সর্বেষাং পূজিতঃ**—বর্তমান কালে সকলের পূজা পায় (বর্তমানে কর্তায় ষষ্ঠী)।

(৮) **ব্যাঘ্রাৎ** ভয়ম্—ব্যাঘ্র ভয়ের কারণ, ভী ধাতুর যোগে অপাদানে ৫মী। **ব্যাঘ্রস্য** ভয়ম্—ভয়টি ব্যাঘ্রের অন্তঃকরণে; ভয়ের কর্তায় কৃদ্‌যোগে ষষ্ঠী।

নানা কারকে অন্য বিভক্তির দৃষ্টান্ত

কর্তরি ৩য়া—রামেণ রাবণো হতঃ। **কর্তরি ৬ষ্ঠী—বুদ্ধস্য** মহতী কৃতিঃ। কর্তরি ৭মী—অধি **রামে** বসুন্ধরা (রাম পৃথিবীর অধিপতি)।

কর্মণি ৪র্থী—গোপঃ গ্রামায় গচ্ছতি। কর্মপ্রবচনীয়ে ৫মী—প্রদ্যুম্নঃ **কৃষ্ণাৎ** প্রতি (প্রতিনিধি)। **কর্মণি ৫মী—প্রাসাদাৎ** প্রেক্ষতি রাজা। **কর্মণি ষষ্ঠী**—মাতা **পুত্রস্য** স্মরতি। **দুগ্ধস্য** পানং হিতকরম্ (কৃদ্‌যোগে কর্মণি ৬ষ্ঠী)। **কর্মণি ৭মী**—অয়ং **ব্যাকরণে** অধীতী।

করণে দ্বিতীয়া—অক্ষান্ দীব্যতি রাজা। করণে ৪র্থী—**শতায়** ক্রীতঃ ভৃত্যঃ। করণে ৫মী—**স্তোকাৎ** মুক্তঃ। **করণে ষষ্ঠী**— নাগ্নিস্তৃপ্যতি **কাষ্ঠানাম্**।

সম্প্রদানে **কর্ম**—প্রভুঃ **ভৃত্যম্** অভিক্রুধ্যতি।

৫মী স্থানে **৭মী** (বিকল্পে)—অদ্য ভুক্ত্বা দ্ব্যহে (দ্ব্যহাৎ বা) ভোক্তা।

অধিকরণে **কর্ম**—স শয্যাম্ অধিশেতে। অধিকরণে **৫মী**—আসনাৎ প্রেক্ষতি মুনিঃ। অধিকরণে **৬ষ্ঠী**—স **দিবসস্য** দ্বির্ভুঙ্‌ক্তে।

অবচ্ছেদে (দেহের অংশে—এই অর্থে) ৭মী—সর্পঃ মাং **করে** গৃহীতবান্।

অনাদরে ৪র্থী, অনাদরে বা নির্ধারণে ৬ষ্ঠী, ৭মী বা ভাবে ৭মী—যথাস্থানে দেখ।

Exercise

1. Frame sentences to illustrate : (বাক্যে প্রয়োগ দেখাও)—

অধিকরণে কর্ম। ক্রিয়াযোগে ৪র্থী। সম্প্রদানে কর্ম। ভাবে ৭মী। করণে ষষ্ঠী। ব্যাপ্ত্যর্থে ২য়া। অবচ্ছেদে সপ্তমী। অনাদরে চতুর্থী। অপবর্গে ৩য়া। করণে কর্ম। করণে চতুর্থী। কর্মণি ষষ্ঠী। অধিকরণে ষষ্ঠী। ল্যব্‌লোপে কর্মণি ৫মী। তাদর্থ্যে ৪র্থী। নির্ধারণে ষষ্ঠী। অনাদরে সপ্তমী।

2. Translate into Sanskrit (সংস্কৃতে অনুবাদ কর) :—

There is a forest near the hill. He is angry with me. Rama went to the forest with Lakshmana. He stayed there for three days. Show mercy to the poor. I saw a boy blind of one eye. I am a sage, I have no need for money. Read

carefully, otherwise you will not learn (use স্ম). I like sweetmeat. Give me some flowers. He lived in the city of Varanasi. The boys went out of the village. Men are afraid of the tiger. Without perseverance, none can succeed. Himalaya is the greatest of mountains. He is devoid of learning. The sun having set, we started for home. The lion is stronger than the tiger. Knowledge leads to happiness.

3. Frame sentences with (পদগুলি লইয়া পৃথক বাক্য রচনা কর) :
নমঃ, অভিতঃ, বিনা, অলম্, ঋতে, অধিশেতে, অভিক্রুধ্যতি, রোচতে, সহ, প্রতি, বহিঃ, পরিতঃ, পঞ্চকৃত্বঃ, অধ্যাস্তে।

4. Show the difference in meaning (অর্থের পার্থক্য দেখাও) :
(i) স মাসং ব্যাকরণং পঠতি, স মাসেন ব্যাকরণং পঠতি। (ii) কলহেন অলম্, কলহায় অলম্। (iii) স গৃহম্ উপবসতি, স গৃহে উপবসতি।

5. Correct the errors (অশুদ্ধি সংশোধন কর) :—
(i) রামঃ বনে অধিতিষ্ঠতি। (ii) মাম্ পুস্তকং দেহি। (iii) তব প্রতি মম স্নেহো নাস্তি। (iv) স দুর্জনম্ বিভেতি। (x) সঃ অন্নং ভোজনং করোতি। (vi) মম সহ স গৃহে স্বাস্যতি। (vii) স ভৃত্যায় অভিক্রুধ্যতি।

কৃৎ-প্রত্যয়

ধাতুর উত্তর তি তস্ অন্তি প্রভৃতি বিভক্তি এবং সন্, যঙ্, ক্যঙ্, ক্যচ্ ইত্যাদি ভিন্ন যে প্রত্যয় হয়, তাহাকে **কৃৎপ্রত্যয়** বলে।

তব্য, অনীয়, ক্যপ্, ণ্যৎ, যৎ—এই কয়টি কৃৎপ্রত্যয়কে **কৃত্য প্রত্যয়** বলে।

ক্ত, ক্তবতু—এই দুইটিকে **নিষ্ঠা প্রত্যয়** বলে।

কৃত্য প্রত্যয়

কৃত্য প্রত্যয়—কর্ম ও ভাববাচ্যে হয়। উচিত—এই অর্থে বা ভবিষ্যৎ কাল বুঝাইতে কৃত্যপ্রত্যয় হয়। নিম্নে কয়েকটি দৃষ্টান্ত দেওয়া হইল।

তব্য—কৃ—কর্তব্য, গম্—গন্তব্য, চি—চেতব্য, জি—জেতব্য, দৃশ্—দ্রষ্টব্য, ভুজ্—ভোক্তব্য, ভূ—ভবিতব্য, শ্রু—শ্রোতব্য, সেব্—সেবিতব্য।

অনীয়—কৃ—করণীয়, গম্—গমনীয়, শ্রু—শ্রবণীয়, শুচ্—শোচনীয়।

ক্যপ্—কৃ—**কৃত্য**, স্তু—স্তুত্য, শাস্—**শিষ্য**, ভৃ—ভৃত্য, সৃ—সূর্য, দৃশ্—দৃশ্য, শী—**শয্যা**, হন্—হত্যা (ব্রহ্মহত্যা), অমা-বস্—অমাবস্যা।

ণ্যৎ—(আদি স্বরের বৃদ্ধি হয়) কৃ—**কার্য**, গ্রহ্—গ্রাহ্য, ত্যজ্—ত্যাজ্য, ধৃ—**ধার্য**, বচ্—বাচ্য, হৃ—হার্য, শ্রু—শ্রাব্য।

যৎ—দা—দেয়, নী—নেয়, ভূ—ভব্য, শক্—**শক্য**, ক্ষি—**ক্ষয্য** (শক্যার্থে), ক্ষেয় (ক্ষয়ের যোগ্য); সহ্—সহ্য। হন্—**বধ্য**।

ক্ত, ক্তবতু (নিষ্ঠা প্রত্যয়)

অতীতকাল বুঝাইলে অকর্মক ও সকর্মক সকল ধাতুতেই **কর্তৃবাচ্যে ক্তবতু** হয়। ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ ক্রিয়ার কাজ করে; অথচ ইহা কর্তার বিশেষণ।

অকর্মক ধাতুতে বা **গমনার্থক ধাতুতে কর্তৃবাচ্যে ক্ত** হয়, তখন সেই ক্ত-প্রত্যয়ান্ত শব্দ কর্তার বিশেষণ। নচেৎ **কর্মবাচ্যে ক্ত** হয়; তখন উহা কর্মের বিশেষণ। **ভাববাচ্যে ক্ত** হয়—উহার প্রয়োগ ক্লীবলিঙ্গ একবচনে।

ক্ত—অদ্—**জগ্ধ**, অধি-ই—অধীত, ইষ্—ইষ্ট, কৃ—কৃত, গম্—গত, গ্রহ্—**গৃহীত**, ছিদ্—ছিন্ন, জন্—জাত, দন্শ্—দষ্ট, দা—দত্ত, আ-দা—**আত্ত, আদত্ত**; দৃশ্—দৃষ্ট, **ধা-হিত, পচ্**—পক্ব, ব্রূ, বচ্—**উক্ত**, ভন্জ্—ভগ্ন, মন্—মত, **যজ্**—**ইষ্ট**, ব্যধ্—বিদ্ধ, বস্—**উষিত**, হ্বে—**হুত**, হা—**হীন**, শাস্—শিষ্ট, **শী**—**শয়িত**, শুষ্—**শুষ্ক**, সহ্—**সোঢ়**, কৈ—**ক্ষাম**, ক্ষি—**ক্ষীণ**।

ক্তবতু—ক্ত-প্রত্যয় যুক্ত শব্দের শেষে 'বৎ' যোগ করিবে।—কৃ—কৃতবৎ।

ক্ত্বা, ল্যপ্ ও তুমুন্

করিয়া যাইয়া—এই **অনন্তর অর্থে ক্ত্বা** হয়। কিন্তু **উপসর্গ** বা **অব্যয়** প্রভৃতি পূর্বে থাকিলে **ক্ত্বা স্থানে ল্যপ্** হয়। করিতে, যাইতে—এই **নিমিত্ত অর্থে তুমুন্**। এই প্রত্যয়গুলি যুক্ত হইলে অসমাপিকা ক্রিয়ার কাজ হয়। এইগুলি অব্যয়। কর্তা কিন্তু এক না হইলে ক্ত্বা, ল্যপ্, বা তুমুন্ হয় না।

ক্ত্বা—[ক্ত-প্রত্যয় যোগে যে শব্দ হয়, সাধারণতঃ তাহার সঙ্গে **ব-ফলা** ও **আকার** যোগ করিলে ক্ত্বা প্রত্যয়ের শব্দ পাওয়া যায়] **অদ্—জগ্ধ্বা**—কৃ-কৃত্বা, গম্—গত্বা, গৈ—গীত্বা, গ্রহ্—**গৃহীত্বা**, ত্যজ্—ত্যক্ত্বা, দহ্—দগ্ধ্বা, দা—দত্ত্বা, ধা—**হিত্বা**, প্রচ্ছ্—পৃষ্ট্বা, মন্—মত্বা, যজ্—**ইষ্ট্বা**, লভ্—লব্ধ্বা, ব্রূ বা বচ্—**উক্ত্বা**, বস্—**উষিত্বা**, বহ্—**উঢ়্বা**, হা—হিত্বা, স্থা—স্থিত্বা।

ল্যপ্—হ্রস্ব-স্বরান্ত ধাতুর পর প্রায়ই 'ত্য' যুক্ত হয়, দীর্ঘস্বরের পর '**য়**' পৃথকভাবে বসে এবং ব্যঞ্জনবর্ণের সঙ্গে **য-ফলা** যুক্ত হয়। যেমন—বি-জি—**বিজিত্য**, উপ-কৃ—উপকৃত্য, সম্-চি—সঞ্চিত্য, আ-দা—আদায়, বি-হা—বিহায়, আ-প্রচ্ছ্—আপৃচ্ছ্য, পরি-দৃশ্—পরিদৃশ্য, প্র-নম্—প্রণম্য, প্রণত্য; প্র-ব্রূ বা বচ্—**প্রোচ্য**, আ-হন্—আহত্য, অধি-শী—**অধিশয্য**। তিরস্কৃত্য।

তুমুন্—অদ্—অত্তুম্, কৃ—কর্তুম্, ই—এতুম্, অধি-ই—**অধ্যেতুম্**, ক্রী—ক্রেতুম্, **গ্রহ্—গ্রহীতুম্** জি—জেতুম্, ত্যজ্—ত্যক্তুম্, ত্রৈ—ত্রাতুম্, **নী**—নেতুম্, নৃত্—নর্তিতুম্, প্রচ্ছ্—**প্রষ্টুম্**, মুচ্—মোক্তুম্, যজ্—**যষ্টুম্**, লভ্—**লব্ধুম্**, ব্রূ (বা বচ্)—বক্তুম্, **বহ্—বোঢ়ুম্**, বস্—বস্তুম্, শী—**শয়িতুম্**, **শ্রু**—শ্রোতুম্, সহ—সোঢ়ুম্, সহিতুম্, সেব্—সেবিতুম্।

শতৃ, শানচ্ ইত্যাদি

করিতে করিতে, যাইতে যাইতে—এই অবস্থা বুঝাইলে পরস্মৈপদী ধাতুতে **শতৃ** ও আত্মনেপদী ধাতুতে **শানচ্** হয় [পরে অনুবাদ প্রকরণ দ্রষ্টব্য]

শতৃ—অস্-**সৎ**, **কৃ—কুর্বৎ**, গম্—গচ্ছৎ, দৃশ্-পশ্যৎ, ঘ্রা—জিঘ্রৎ, স্থা—তিষ্ঠৎ, চি—চিন্বৎ, জাগৃ—**জাগ্রৎ**, দা—দদৎ, দিব্—দীব্যৎ, মুচ্—মুঞ্চৎ, ভী—**বিভ্যৎ**, বিদ্—**বিদ্বস্** [শতৃস্থানে বস্] (১মায় ১ব—বিদ্বান্)।

দ্রষ্টব্য ঃ—লট্ অস্তি-যুক্ত পদ হইতে দন্ত্য ন্ ও হ্রস্ব ই অংশ বাদ দিলে সাধারণতঃ শতৃ প্রত্যয়ের শব্দ পাওয়া যায়। রূপ **ধাবৎ** শব্দের মত, কয়েক-স্থলে **ভূভৃৎ** শব্দের মত।

শানচ্—আস্—**আসীন,** কম্প্—কম্পমান, জন্—জায়মান, বৃধ্-বর্ধমান, মৃ—**ম্রিয়মাণ,** বিদ্—বিদ্যমান, কৃ—কুর্বাণ, ক্রী—ক্রীণান, গ্রহ্—গৃহ্লান, ভৃ—বিভ্রাণ, শী—শয়ান।

কর্মবাচ্যে শানচ্—কৃ—**ক্রিয়মাণ,** দীপ্—দীপ্যমান, দৃশ্—দৃশ্যমান, ব্রূ—উচ্যমান। [শানচ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে অকারান্ত, স্ত্রীলিঙ্গে আ]। **ক্বসু ও কানচ্**—শ্রু—শুশ্রুবস্, গম্—জগ্মিবস্, যুধ্—যুযুধান, বচ্—উচান।

স্যতৃ ও স্যমান—(ভবিষ্যৎ অর্থে)—ভূ—ভবিষ্যৎ, দৃশ্—দ্রক্ষ্যৎ, ব্রূ (বচ্) বক্ষ্যৎ, মৃ—মরিষ্যৎ; সহ্—সহিষ্যমাণ, বচ্ (কর্মবাচ্যে)—**বক্ষ্যমাণ**।

অন্যান্য কয়েকটি কৃৎপ্রত্যয়

ণমুল্—যাবজ্জীবতি—যাবজ্জীবম্। সমূলং হত্বা—সমূলঘাতং (হন্তি)। **স্মৃত্বা স্মৃত্বা**—স্মারং স্মারম্।

ক্তি—ক্তি-যোগে ক্রিয়াবাচক বিশেষ্য করা হয়। শব্দগুলি স্ত্রীলিঙ্গ (মতি শব্দের মত)। গম্—গতি, বুধ্—বুদ্ধি, ভুজ্—ভুক্তি, ভজ্—ভক্তি, মন্—মতি, যজ্—**ইষ্টি,** বচ্—**উক্তি**, হা—**হানি**।

ণক (ণ্বুল্)—জন্-ণিচ্—জনক, পচ্—**পাচক,** পা-ণিচ্—পালক।

তৃচ্ (তৃন্)—গৈ—গাতৃ, কৃ—কর্তৃ, ভুজ্—ভোক্তৃ, লভ্—লব্ধৃ (১মা ১ব—লব্ধা)[তৃন্ এর বেলায় ৬ষ্ঠী নিষেধ, কিন্তু তৃচের বেলায় ৬ষ্ঠী বলা যায়—ধনস্য দাতা—এখানে তৃচ্ বলিবে। নচেৎ, ৬ষ্ঠী নিষেধ হওয়ায় 'ধনং দাতা' হইবে]।

অণ্—কুম্ভং করোতি যঃ সঃ—কুম্ভকারঃ। এইরূপ—সূত্রধারঃ, বারিবাহঃ।

ক—গৃহস্থ (গৃহ-স্থা+ক), প্রিয় (প্রী+ক), নৃ-পা+ক-নৃপ। এইরূপ মধুপ; দ্বিজ।

ইনি—জি—**জয়িন্**, ক্ষি—ক্ষয়িন্, তৈলবিক্রয়িন্।

ঘিনুণ—দ্রুহ্—দ্রোহিন্, অনু-রুধ্—অনুরোধিন্, ত্যজ্—ত্যাগিন্, ভজ্—ভাগিন্, প্র-বস্—প্রবাসিন্, বিবেকিন্ (বি-বিচ্)।

ণিন্—স্থা—স্থায়িন্, সত্যবাদিন্, অপরাধিন্, পুত্রঘাতিন্ (হন্) ইত্যাদি।

খশ্ বা খচ্—অসূর্য+দৃশ্—অসূর্যম্পশ্য, প্রিয়ংবদ, বিশ্বম্ভর, বসুন্ধরা, ভয়ঙ্কর, পতিংবরা, অরুন্তুদ, পণ্ডিতংমন্য বিহায়স্-গম্—বিহঙ্গম, পরন্তপ।

ক্বিপ্—কৃ—কৃৎ, ইন্দ্র+জি—ইন্দ্রজিৎ, সভা+সদ্—সভ্যসদ্, দ্বিষ্—দ্বিষ্, উপ+নি+সদ্—উপনিষদ্ (সদিরপ্রতেঃ—সূত্রে মূর্ধন্য ষ্)।

ক্বিন্, কঞ্—তদ্+দৃশ্+ক্বিন্—তাদৃশ্। তদ্—দৃশ্+কঞ্—তাদৃশ। এইরূপ সদৃশ্, সদৃশ; ঈদৃশ্, ঈদৃশ (অকারান্ত হইলে কঞ্)।

ইষ্ণু—কৃ—করিষ্ণু, জি—জিষ্ণু, সহ্—সহিষ্ণু, ক্ষয়িষ্ণু।

বরচ্—স্থা-স্থাবর, জি—জিত্বর, নশ্—নশ্বর, ঈশ্—ঈশ্বর।

কি (পুংলিঙ্গ)—বি-ধা—বিধি, নি-ধা—নিধি, উদক+ধা—উদধি।

ল্যুট্ (অনট্)—গম্—গমন, শী-শয়ন, ভী-ণিচ্—ভীষণ।

অন্ (যুচ্) গণ- গণনা, অর্চ্—অর্চনা, ঘট্ ঘটনা, বন্দ্—বন্দনা।

ঘঞ্ (পুংলিঙ্গ)—হৃ—হার, ভুজ্—ভোগ, ভূ- ভাব, প্র-সদ্—প্রসাদ।

অচ্, অপ্ (পুংলিঙ্গ)—ক্ষি—ক্ষয়, স্তু-স্তব, হন—বধ, ভী—ভয়ম্ (ক্লীং)।

খল্—সু-কৃ—সুকর, দুর্+জি—দুর্জয়, দুর+শাস্—দুঃশাসন। দুর্যোধন।

অ, অঙ্ (স্ত্রীলিঙ্গ)—জ্ঞ+সন্—জিজ্ঞাসা, এইরূপ পিপাসা, শুশ্রূষা। ক্রীড়্—ক্রীড়া, আ-জ্ঞা—আজ্ঞা, প্রভা, ভিদা, ঈহা।

দ্রষ্টব্য :—উত্তর তরঙ্গে কৃৎপ্রত্যয়ের অন্যান্য আলোচনা দ্রষ্টব্য।

Exercise

1. Translate into Sanskrit (সংস্কৃতে অনুবাদ কর) :—

They went to bathe in the river. I wish to tell this. I saw a tiger coming from the forest. He gave up all his wealth (use ক্তবতু). The moon was seen by me. The mouse was seen, caught and etaen up by the cat. Having seen his

relatives in the battlefield, Arjuna said this to Krishna. Hearing a cry in the forest, the King ordered Viravara. Having saluted his father, Rama went to the forest. Having defeated the enemies, the King left the fort I heard[1] him singing.

2. Give the resulting form (প্রত্যয় যোগে সাধিত শব্দটি লিখ) :

ধা+ক্ত, প্রচ্ছ্+তুমুন্, যজ্+ক্ত্বা, প্র-ক্র+ +ল্যপ্, বহ্+তুমুন্, আস্+শানচ্, জাগৃ+শতৃ, ভী+শতৃ, তদ্—দৃশ্+ক্বিন্, নি-ধা+কি।

স্ত্রীপ্রত্যয়

(Feminine Suffixes)

বিভিন্ন প্রত্যয়যোগে পুংলিঙ্গ হইতে স্ত্রীলিঙ্গে রূপান্তর করা হয়। এগুলির মধ্যে আপ্ (টাপ্) ও ঈপ্ (ঙীপ্, ঙীষ্ ও ঙীন্) প্রধান। কোথাও কোথাও আনুষঙ্গিক অন্যান্য পরিবর্তনও ঘটে।

(১) আপ্

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অজ	অজা	প্রিয়	প্রিয়া
অশ্ব	অশ্বা	বালক	বালিকা
কোকিল	কোকিলা	পাচক	পাচিকা
চটক	চটকা	তারক	তারকা (তারা)
মন্দ	মন্দা		তারিকা (ত্রাণকর্ত্রী)
শূদ্র	শূদ্রা (জাতি অর্থে)	সেবক	সেবকা*
	শূদ্রী (শূদ্রের ভার্যা)	বক্ষ্যমাণ	বক্ষ্যমাণা
মহাশূদ্র	মহাশূদ্রী	বৈশ্য	বৈশ্যা

* 'ক্ষিপকাদীনাঞ্চ'—এই সূত্র অনুসারে সেবকা। সেবাকারিণী অর্থে সেবিকা ব্যবহৃত হয়।

(২) ঈপ্

সুন্দর	সুন্দরী	মাতামহ	মাতামহী
গচ্ছৎ	গচ্ছন্তী	নর্তক	নর্তকী
দধৎ	দধতী	গৌর	গৌরী
স্পৃশৎ	স্পৃশতী, স্পৃশন্তী	হয়	হয়ী
তির্যচ্	তিরশ্চী	গবয়	গবয়ী
প্রাচ্	প্রাচী	কর্তৃ	কর্ত্রী
প্রত্যচ্	প্রতীচী	মৎস্য	মৎসী (য-লোপ)

(প) ঈপ্+আনুক্

ইন্দ্র	ইন্দ্রাণী	ভব	ভবানী
রুদ্র	রুদ্রাণী	মাতুল	মাতুলানী, মাতুলী
বরুণ	বরুণানী	ক্ষত্রিয়	ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া*, ক্ষত্রিয়ী*

(৩) বিশেষ অর্থে আনী

হিম হিমানী (মহৎ হিমম্) যব **যবানী** (দুষ্টঃ যবঃ)

অরণ্য **অরণ্যানী** (মহৎ বনম্) যবন **যবনানী** (যবনানাং লিপিঃ)

উপাধ্যায় **উপাধ্যায়া** (স্বয়ম্ অধ্যাপিকা)। **যবনী** (যবনজাতীয়া)

উপাধ্যায়ানী (উপাধ্যায়পত্নী)।

আচার্য **আচার্যা** (স্বয়ম্ অধ্যাপিকা)—যা স্বয়ম্ অধ্যাপিকা সা আচার্যা।

আচার্যানী (আচার্যপত্নী)—আচার্যানী আচার্যেণ সহ ধর্মং চরতি।

(৪) অন্যান্য বিশিষ্ট ক্ষেত্র

অগ্নি	অগ্নায়ী	বিম্বোষ্ঠ	বিম্বোষ্ঠ, বিম্বোষ্ঠী,
মনু	মনায়ী, মনাবী, মনু	কুরু	কুরু
পতি	পত্নী (যজ্ঞসংযোগে)	পঙ্গু	পঙ্গু
রোহিত	রোহিতা, রোহিণী	করভোরু	করভোরু

* ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া—ক্ষত্রিয়জাতীযা। ক্ষত্রিয়ী—ক্ষত্রিয়পত্নী।

শর্বন্	**শর্বরী**	শ্বশুর	শ্বশ্রূ
চন্দ্রমুখ	চন্দ্রমুখা, চন্দ্রমুখী	নৃ	নারী
সুকেশ	সুকেশা, সুকেশী	নর	নারী
অকেশ	অকেশা	যুবন্	যুবতি, যুনী
কৃশোদর	কৃশোদরা, কৃশোদরী	বিদ্বস্	বিদুষী

(৫) **অর্থবিশেষে আপ্ ও ঈপ্**

সূর্য—সূর্যা (দেবতা)—সূর্যস্য দেবতা স্ত্রী সূর্যা।

সূরী (মানবী)—সূরী কুন্তী কর্ণস্য জননী।

স্থল—স্থলা (কৃত্রিমা)—ইয়ম্ উদ্যানসংলগ্না ক্রীড়াস্থলা।

স্থলী (অকৃত্রিমা)—ইয়ং বনস্থলী রম্যা।

পাণিগৃহীত—পাণিগৃহীতা—রাবণেন সীতা পাণিগৃহীতা (হস্তে ধৃতা)।

পাণিগৃহীতী—সীতা রামস্য পাণিগৃহীতী (ভার্যা)।

নীল—নীলা—ইয়ং নীলা শাটিকা (শাড়ি ইত্যাদি অর্থে)।

নীলী—বনে নীলী গবী বিচরতি (নীলবর্ণের গাভী প্রভৃতি)।

পতিমৎ—পতিবত্নী—পতিবত্নী (having husband alive) পতিং সেবতে।

পতিমতী (having a lord)—ইয়ম্ পতিমতী পৃথিবী।

(৬) **অন্য শব্দের দ্বারা স্ত্রীলিঙ্গ**—যথা, পিতৃ—মাতৃ, ভ্রাতৃ—ভগিনী।

(৭) কতকগুলি শব্দের পুংলিঙ্গ নাই—সপত্নী, ঘটোঘ্নী, স্বসৃ, মাতৃ, ননান্দৃ (ননদ), দুহিতৃ, যাতৃ (যা—দেবর বা ভাসুরের স্ত্রী), কন্যা।

(৮) কতকগুলি শব্দের স্ত্রীলিঙ্গ নাই—বেধস্, আত্মন্, জামাতৃ, পিতৃ, ভ্রাতৃ, দেবৃ (দেবর), বিপত্নীক ইত্যাদি।

Exercise

1. Give the feminine of (স্ত্রীলিঙ্গে রূপান্তর কর) :—
সেবক, মৎস্য, কর্তৃ, শূদ্র, মনু, পতি, ইন্দ্র, ক্ষত্রিয়, যুবন্, বিদ্বস্।

2. Distinguish between (পার্থক্য দেখাও) :—
স্থলা, স্থলী। যবানী, যবনানী। সূর্যা, সূরী। আচার্যা, আচার্যানী।

আত্মনেপদ ও পরস্মৈপদ বিধান

কতকগুলি ধাতুতে স্বভাবতঃই পরস্মৈপদ-বিভক্তি (তি, তস্, অন্তি, ইত্যাদি) হয়। উহাদিগকে **পরস্মৈপদী** ধাতু বলে। কতকগুলি ধাতুতে স্বভাবতঃই আত্মনেপদ বিভক্তি (তে, আতে, অন্তে ইত্যাদি) হয়। যথা—বৃৎ, মৃ, লভ্, শুভ্, ইত্যাদি। এইগুলি আত্মনেপদী ধাতু। কতকগুলি স্বভাবতঃই পরস্মৈপদী ও আত্মনেপদী : এইগুলিকে উভয়পদী ধাতু বলে।

পরস্মৈপদী বা উভয়পদী ধাতুর আত্মনেপদে রূপ হওয়ার ব্যবস্থাকে **আত্মনেপদ-বিধান** বলা হয়। আত্মনেপদী বা উভয়পদী ধাতুর পরস্মৈপদে রূপ হওয়ার ব্যবস্থাকে **পরস্মৈপদ-বিধান** বলে। সাধারণতঃ **ভিন্ন ভিন্ন অর্থে, উপসর্গযোগে,** বা **অবস্থাবিশেষে** এইরূপ আত্মনেপদ বা পরস্মৈপদ বিধান হয়।

আত্মনেপদ-বিধান

১। **নের্বিশঃ**—নি-বিশ্ আত্মনেপদী। স গৃহং নিবিশিতে (প্রবেশ করে)।

২। **পরিব্যবেভ্যঃ ক্রিয়ঃ**—পরিক্রীণীতে, অবক্রীণীতে, বিক্রীণীতে দ্রব্যম্।

৩। **বিপরাভ্যাং জেঃ**—বি বা পরা পূর্বক জি ধাতু আত্মনেপদী। রাজা বিজয়তে। স পরাজয়তে শত্রূন্।

৪। **আঙো দোঽনাস্যবিহরণে**—আ-পূর্বক দা ধাতু আত্মনেপদী। স বিদ্যাম্ আদত্তে আচার্যাৎ, অহং ধনম্ আদাস্যে। কিন্তু মুখব্যাদান অর্থে পরস্মৈপদী, যথা—মুখং ব্যাদদাতি সিংহঃ।

৫। **সমোঽকূজনে (সম্-ক্রীড়্)**—সংক্রীড়তে (খেলা করে) বালকঃ। **কিন্তু**, সংক্রীড়তি (শব্দ করে) চক্রম্।

৬। **সমবপ্রবিভ্যঃ স্থঃ**—সম্, অব, প্র, বি উপসর্গ যোগে **স্থা** ধাতু আত্মনেপদী। সন্তিষ্ঠতে, অবতিষ্ঠতে, প্রতিষ্ঠতে, বিতিষ্ঠতে। লিট্-এ—প্রতস্থে।

৭। **উদোঽনূর্ধ্বকর্মণি**—রাজা আসনাৎ উত্তিষ্ঠতি (উঠা অর্থে পরস্মৈপদী)। কিন্তু যোগী মুক্তৌ উত্তিষ্ঠতে (যততে—এই অর্থে)।

৮। উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষু—স আদিত্যম্ উপতিষ্ঠতে (পুজা করে)। প্রয়াগে গঙ্গা যমুনাম্ উপতিষ্ঠতে (মিলিত হয়)। রাজা শক্রম্ উপতিষ্ঠতে (মিত্রীকরোতি)। পন্থাঃ কাশীম্ উপতিষ্ঠতে (leads to)।

৯। **উদ্বিভ্যাং তপঃ অকর্মকাৎ স্বাঙ্গকর্মকাচ্চ**—অকর্মক, বা নিজ দেহের অঙ্গ কর্ম হইলে উৎ-তপ্ বা বি-তপ্ আত্মনেপদী। স উত্তপতে স্বং পাণিম্। সূর্য উত্তপতে (দীপ্যতে)। কিন্তু, স সুবর্ণম্ বা পরস্য পাণিম্ উত্তপতি।

১০। **আঙো যমহনঃ** (আঙ্-যম্ বা আঙ্-হন্) অকর্মকাৎ স্বাঙ্গকর্মকাচ্চ—বৃক্ষঃ আযচ্ছতে (spreads)। স আহতে স্বমস্তকম্। বীরঃ শত্রুম আহন্তি।

১১। সমো গমঃ (অকর্মকাৎ)—নৈষঃ অর্থঃ সঙ্গচ্ছতে।

১২। **স্পর্ধায়ামাঙঃ** (আ-হ্বে স্পর্ধাপূর্বক আহ্বান অর্থে আত্মনেপদী)—রাজা শত্রুম্ আহ্বয়তে (challenges)। কিন্তু, মাতা পুত্রম্ আহ্বয়তি (calls)।

১৩। আঙো জ্যোতিরুদ্গমনে (আঙ্-ক্রম্)—**আক্রমতে সূর্যঃ** নভসি। কিন্তু, আক্রামতি ধূমঃ প্রাসাদাৎ।

১৪। বেঃ **পাদবিহরণে**—পদবিক্ষেপ অর্থে বি-ক্রম্ আত্মনেপদী। বিক্রমতে অশ্বঃ। কিন্তু- বিক্রামতি সন্ধিঃ (The joint is loosened).

১৫। **সমস্তৃতীয়াযুক্তাৎ** (তৃতীয়াযুক্ত পদের সহিত প্রয়োগে **সম্-চর্** আত্মনেপদী)—রাজা **সঞ্চরতে** রথেন। কিন্তু, রাজা সঞ্চরতি বনে।

১৬। উপাদ্যমঃ স্বকরণে—(বিবাহ অর্থে) উপ-যম্ আত্মনেপদী—সীতাং রামঃ উপযচ্ছতে স্ম। দ্রৌপদীম্ উপযেমে (লিট্-এ) অর্জুনঃ।

১৭। **বিমতৌ বদঃ**—বিরোধ অর্থে বি-বদ্। দেবাঃ অসুরাশ্চ বিবদন্তে।

১৮। **জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ**—সনন্ত হইলে জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু আত্মনেপদী : **জিজ্ঞাসতে, শুশ্রূষতে,** সুস্মূর্ষতে, **দিদৃক্ষতে**।

১৯। **ভুজোঽনবনে**—বালকঃ অন্নং ভুঙ্‌ক্তে (খায়)। রাজা প্রজাঃ ভুনক্তি (পালন করে)।

২০। **কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে**—উভয়পদী স্থলে ক্রিয়ার ফল কর্তার প্রাপ্য হইলে ধাতু আত্মনেপদী হয়। স যজতে স্বার্থম্। যজতি পুরোহিতঃ।

পরস্মৈপদ-বিধান

১। **অনুপরাভ্যাং কৃঞঃ**—অনুকরোতি, পরাকরোতি (খণ্ডন করে)।

২। **প্রাদ্ বহঃ**—প্র-বহ্ পরস্মৈপদী। নদী বেগেন প্রবহতি।

৩। ব্যাঙ্পরিভ্যো রমঃ—স ক্রোধাদ্ বিরমতি।

Exercise

1. Correct the errors showing reasons (কারণ উল্লেখে অশুদ্ধি সংশোধন কর):—(i) পিতা পুত্রম্ আহ্বয়তে। (ii) রাজা আসনাৎ উত্তিষ্ঠতে। (iii) শত্রূন্ পরাজয়তি রাজা। (iv) ময়া পরস্পরং বিবদন্তঃ বালকাঃ দৃষ্টাঃ। (v) অশ্বেন সঞ্চরতি নৃপঃ। (vi) শিষ্যঃ আচার্যম্ জিজ্ঞাসতি। (vii) কন্যা পিতরম্ শুশ্রূষতি।

লকারার্থ-নির্ণয়

বর্তমানে **লট্**, অতীত কাল অর্থে **অনদ্যতনে** (আজ নয় এমন অতীতে) **লঙ্**, ভূতসামান্যে অর্থাৎ সাধারণভাবে অতীত বুঝাইতে **লুঙ্** (Aorist) **হয়**। লুঙ্ এর ধাতুরূপ কঠিন—দু চারটি এখানে দেওয়া হইল, ভূ-অভূৎ। কৃ—অকার্ষীৎ। দৃশ্—অদ্রাক্ষীৎ। গম্—অগমৎ ইত্যাদি।

পরোক্ষে লিট্—দৃষ্টির বাহিরের ঘটনা বুঝাইলে অতীত অর্থে লিট্। দশরথো নাম রাজা: বভূব। **উত্তম পুরুষে লিট্ হয় না**। অহং ভুজগং দদর্শ—ভুল। **তবে প্রলাপ অর্থে,** মত্ত অবস্থায় বা অত্যন্ত অস্বীকার বুঝাইলে উত্তম পুরুষে লিট্ হয়। **মত্তঃ** অহম্ প্রললাপ। **অত্যন্তাপহ্নবে লিড্ বক্তব্য**—নাহং কলিঙ্গান্ জগাম।

স্ম-যোগে অতীতে লট্—অযোধ্যায়াং রামঃ নিবসতি স্ম।

মাঙি লুঙ্—নিষেধার্থক মাঙ্ যোগে লুঙ্ (**কিন্তু অকার** আগম **লুপ্ত হয়**—**ন মাঙ্যোগে** সূত্র বলে)। যথা, মা ভূৎ (মা+অভূৎ—অলোপ) দুঃখম্। মা গমঃ। মা কার্ষীঃ।

আদেশ বুঝাইলে **লোট্**। বিধি, সামর্থ্য বা সম্ভাবনা অর্থে **বিধিলিঙ্**।

যাবৎ ও পুরা শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ হয়—যাবৎ প্রবিশামি।

ণিজন্ত (Causative)

প্রেরণা অর্থে ধাতুর উত্তর **ণিচ্** হয়। গচ্ছন্তং প্রেরয়তি (Causes one to go)—গময়তি। কুর্বন্তং প্রেরয়তি—কারয়তি। অণিজন্ত অবস্থায় যাহা কর্তা, **ণিজন্ত অবস্থায়** তাহাকে বলা হয়—**প্রযোজ্য কর্তা**।

প্রযোজ্য কর্তায় প্রায়ই **তৃতীয়া** হয়। কিন্তু গতি, বুদ্ধি, ভোজনার্থ ধাতু, শব্দকর্মক ও অকর্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্তা কর্ম হয়—মাতা পুত্রং দুগ্ধং পায়য়তি। স তম্ চন্দ্রং দর্শয়তি। নী ও বহ্ ধাতুর ণিজন্তে প্রযোজ্য কর্তায় তৃতীয়াই হয়—প্রভুঃ ভৃত্যেন ভারং নায়য়তি, বাহয়তি। **বিভাষা হৃঞ্-কৃঞোঃ**—(ভৃত্যং)-ভৃত্যেন ভারং হারয়তি বা বস্ত্রং কারয়তি।

ণিজন্তের দৃষ্টান্ত (লট্-তি বা তে যোগে)

অধি-ই—**অধ্যাপয়তি**
অস্ বা ভূ—ভাবয়তি
কৃ—কারয়তি
গম্—গময়তি
গ্রহ্—গ্রাহয়তি
জন্—জনয়তি
দা—দাপয়তি
দুষ্—দূষয়তি
পা (drink)—পায়য়তি
(protect) পালয়তি
ভী—ভায়য়তি, ভীষয়তে, ভাপয়তে*
বি-স্মি—বিস্মায়য়তি, বিস্মাপয়তে*
লভ্—লম্ভয়তি
হা—হাপয়তি
হ্রী—হ্রেপয়তি
হন্—**ঘাতয়তি**
স্থা—স্থাপয়তি
শী—শায়য়তি
রঞ্জ্—রজয়তি মৃগান্ (মৃগয়া অর্থে)।
রঞ্জয়তি মৃগান্ তৃণৈঃ (তুষ্ট করে)।

* ভায়য়তি (অন্যের সাহায্যে ভয় দেখায়)—সঃ বালকং সর্পেণ ভায়য়তি। কিন্তু, সর্পঃ শিশুং ভীষয়তে বা ভাপয়তে। *বিস্মাপয়তে—নিজে বিস্ময় জন্মায়।

সনন্ত ধাতু (Desiderative)

আত্মসংক্রান্ত ইচ্ছা বুঝাইতে ধাতুর উত্তর **সন্** প্রত্যয় হয়। মূল ধাতু অনুসারেই সনন্ত ধাতু পরস্মৈপদী, আত্মনেপদী, বা উভয়পদী হয়। লট্ প্রভৃতি চারিটির বিভক্তিতে **ভ্বাদিগণীয়ের** মত রূপ।

দ্রষ্টব্য :—জ্ঞা, শ্রু, স্মৃ, দৃশ্‌ এই **চারিটির** পরে সন্‌ হইলে উহা **নিত্য আত্মনেপদী** এবং সনন্ত **মৃ** ধাতু নিত্য পরস্মৈপদী।

কয়েকটির লট্‌-তি বা লট্‌-তে যোগে রূপ

অদ্‌—জিঘৎসতি	নৃৎ—নিনর্তিষতি	মৃ—**মুমূর্ষতি**
অধি-ই—অধিজিগাংসতে	পচ্‌—**পিপক্ষতি**	শ্রু—**শুশ্রূষতে**
আপ্‌—ঈপ্সতি	পঠ্‌—পিপঠিষতি	স্মৃ—সুস্মূর্ষতে
কৃ—চিকীর্ষতি,-তে	পত্‌—পিপতিষতি	দৃশ্‌—**দিদৃক্ষতে**
গম্‌—জিগমিষতি	পা—পিপাসতি	বচ্‌—বিবক্ষতি
চি—চিচীষতি	প্রচ্ছ্‌—পিপৃচ্ছিষতি	রুদ্‌—রুরুদিষতি
জি—**জিগীষতি**	ব্রূ—বিবক্ষতি,-তে	বহ্‌—বিবক্ষতি
জ্ঞা—জিজ্ঞাসতে	ভিদ্‌—বিভিৎসতি	সৃজ—সিসৃক্ষতি
বি-জি—বিজিগীষতে	ভুজ্‌—বুভুক্ষতি,-তে	স্থা—**তিষ্ঠাসতি**
দা—দিৎসতি-তে	ভূ—বুভূষতি	স্বপ্‌—সুষুপ্সতি
নী—নিনীষতি,-তে	মুচ্‌—মুমুক্ষতি	হন্‌—**জিঘাংসতি**

বিশেষ অর্থে সন্‌

কিৎ—চিকিৎসতি (চিকিৎসা অর্থে)	পত্‌—পিপতিষতি (আশঙ্কা অর্থে)
গুপ্‌—জুগুপ্সতে (নিন্দা অর্থে)	মান্‌—মীমাংসতে (বিচার অর্থে)
তিজ্‌—তিতিক্ষতে (ক্ষমা অর্থে)	মৃ—**মুমূর্ষতি** (আশঙ্কা অর্থে)

যঙ্‌ ধাতু (Frequentative)

পৌনঃপুন্য বা আতিশয্য বুঝাইতে একস্বর বিশিষ্ট ধাতুর উত্তর যঙ্‌ হয়। যঙন্ত ধাতু **আত্মনেপদী**।

অস্‌ বা ভূ—বোভূয়তে	গ্রহ্‌—জরীগৃহ্যতে	নৃৎ—নরীনৃত্যতে
কৃ—চেক্রীয়তে	জন্‌—জঞ্জন্যতে	পচ্‌—পাপচ্যতে
কৃষ্‌—চরীকৃষ্যতে	দৃশ্‌—দরীদৃশ্যতে	পত্‌—পনীপত্যতে
ক্রম্‌—চংক্রম্যতে	দীপ্‌—দেদীপ্যতে	ভিদ্‌—বেভিদ্যতে
গম্‌—জঙ্গম্যতে	নম্‌—নংনম্যতে	রুদ্‌—**রোরুদ্যতে**

বিশেষ অর্থে যঙ্ **প্রত্যয়** :—(ক) গত্যর্থক ধাতুতে আঁকা বাঁকা গতি অর্থে, যথা—নদী জঙ্গম্যতে (কুটিলং গচ্ছতি)। (খ) নিন্দা অর্থে—দন্দহ্যতে।

নামধাতু (Nominal Verb)

প্রাতিপদিকের উত্তর আত্মসংক্রান্ত ইচ্ছা বা আচরণ প্রভৃতি বিভিন্ন অর্থে কাম্যচ্, ক্যচ্, ক্যঙ্, ক্বিপ্, ণিচ্—এই প্রত্যয়গুলি হয়। এই প্রত্যয়ান্ত ধাতুগুলিকে **নামধাতু** বলে। সুবন্তের উত্তর এই প্রত্যয়গুলি যুক্ত করিয়া ধাতুতে পরিণত করা হয়—তখন অবশ্য সুপ্-এর লোপ হইয়া যায়। ক্যঙ্ প্রত্যয়ান্ত নামধাতু আত্মনেপদী, **আর সব পরস্মৈপদী**।

১। **ক্যচ্, কাম্যচ্** (ক্যচ্ ও কাম্যচ্ প্রত্যয়ান্ত পরস্মৈপদী)।

পুত্রম্ আত্মনঃ ইচ্ছতি	—	পুত্রীয়তি, পুত্রকাম্যতি
রাজানম্ আত্মনঃ ইচ্ছতি	—	রাজায়তি, রাজকাম্যতি
যশঃ আত্মনঃ ইচ্ছতি	—	যশস্যতি, যশস্কাম্যতি

২। **ক্যচ্**—পুত্রম্ ইব আচরতি—**পুত্রীয়তি** (ভৃত্যম্)

পিতরম্	”	”	**পিত্রীয়তি** (গুরুম্)
সখায়ম্	”	”	**সখীয়তি** (ভৃত্যম্)
বিষ্ণুম্	”	”	বিষ্ণূয়তি (বিপ্রম্)
রাজানম্	”	”	রাজীয়তি (ধনিনম্)

৩। **ক্যঙ্** (আত্মনেপদী) **ক্বিপ্** (পরস্মৈপদী)

	ক্যঙ্ (আত্মনেপদী)	ক্বিপ্ (পরস্মৈপদী)
পুত্রঃ ইব আচরিত	পুত্রায়তে (গুরৌ)	পুত্রতি
কৃষ্ণঃ ” ”	কৃষ্ণায়তে (গোপ্যাম্)	কৃষ্ণতি
শিষ্যঃ ” ”	**শিষ্যায়তে** (গুরৌ)	শিষ্যতি
কবিঃ ” ”	**কবীয়তে** (শ্রোতৃজনে)	কবয়তি
গুরুঃ ” ”	গুরূয়তে (শিষ্যে)	গুরবতি
পিতা ” ”	**পিত্রীয়তে** (ছাত্রে)	পিতরতি
রাজা ” ”	রাজায়তে (ভৃত্যে)	**রাজানতি**

৪। ক্যঙ্—**অভূতভাবে** : যেমন—অমন্দঃ মন্দঃ ভবতি—মন্দায়তে। এই প্রকার—লঘূয়তে, সুমনায়তে, দুর্মনায়তে, উন্মনায়তে।

৫। **বিশেষ অর্থে ক্যঙ্**

সুখম্ অনুভবতি—সুখায়তে

দুঃখম্ অনুভবতি—দুঃখায়তে

রোমন্থং চরতি—রোমন্থায়তে

ধূমম্ উদ্বমতি—**ধূমায়তে**

ফেনম্ উদ্বমতি—ফেনায়তে

শব্দং করোতি—শব্দায়তে

৬। **বিশেষ অর্থে ক্যচ্**

নমঃ করোতি—নমস্যতি

তপঃ করোতি—তপস্যতি

৭। ণিচ্—দূরং করোতি—দবয়তি

অন্তিকং করোতি—**নেদয়তি**

বহুলং বংহয়তি

গুরুং গরয়তি

দ্রষ্টব্য :—উত্তর তরঙ্গে ণিচ্, সন্, যঙ্ ও নামধাতু বিষয়ে অন্যান্য জ্ঞাতব্য তথ্যের সমাবেশ আছে।

Exercise

1. Substitute single words for (এক কথায় প্রকাশ কর)।

গচ্ছন্তং প্রেরয়তি (i.e. ণিচ্), জেতুম্ ইচ্ছতি, দ্রষ্টুম্ ইচ্ছন্তি, হন্তুম্ ইচ্ছন্তি, পুনঃ পুনঃ রোদিতি, কুটিলং গচ্ছতি, পুত্রম্ ইব আচরতি, সুখম্ অনুভবতি, অন্তিকং করোতি, পুনঃ পুনঃ গৃহ্ণাতি, পাতুমিচ্ছন্তি, তিষ্ঠন্তং প্রেরয়তি, ভৃশম্ দীপ্যতি, শব্দং করোতি, শিষ্যঃ ইব আচরতি, আত্মনঃ পুত্রমিচ্ছতি।

তদ্ধিতপ্রত্যয়

(Secondary Suffixes)

সাধারণতঃ প্রাতিপদিকের পর বিভক্তি ভিন্ন যে প্রত্যয় হয়, তাহাকে **তদ্ধিত** প্রত্যয় বলে।

অপত্যার্থে অণ্ (ষ্ণ), অঞ্ (ষ্ণ), ইঞ্ (ষ্ণি), ষ্যঞ্ (ষ্ণ্য); ঢক্ (ষ্ণেয়), ঠক্ (ইক), ও ছ (ঈয়) প্রভৃতি প্রত্যয় হয়। যথা—ককুৎস্থস্য অপত্যং পুমান্—কাকুৎস্থঃ। পুত্রস্য অপত্যং পুমান্—পৌত্রঃ।

দ্রষ্টব্য :—'অপত্যং স্ত্রী' বলিলে স্ত্রীলিঙ্গ হইবে, যেমন—পুত্রস্য অপত্যং স্ত্রী—পৌত্রী।

(১) অপত্যং পুমান্—এই অর্থে পুংলিঙ্গ প্রথমার পদ দেখান হইল।

অর্জুন—আর্জুনিঃ (ইঞ্) নর—নারায়ণঃ (আয়ন) রঘু—রাঘবঃ (অঞ্)
অদিতি—আদিত্যঃ (ষ্যঞ্) পুরু—পৌরবঃ (অঞ্) —রাধেয়ঃ (ঢক্)
ইন্দ্র—ঐন্দ্রঃ (অঞ্) পৃথা—পার্থঃ (অঞ্) রাবণ—রাবণিঃ (ইঞ্)
কুন্তী—কৌন্তেয়ঃ (ঢক্ বা ঞেয়) ভগিনী—ভাগিনেয়ঃ (ঢক্ বা ঞেয়) ব্যাস—বৈয়াসকিঃ (ইঞ্)
গর্গ—গার্গ্যঃ (যাঞ্) ভৃগু—ভার্গবঃ (অঞ্) বিনতা—বৈনতেয়ঃ (ঢক্)
দশরথ—দাশরথিঃ (ইঞ্) মনু—মানবঃ (অঞ্) মনুষ্যঃ, মানুষঃ (অঞ্) বিমাতৃ—বৈমাত্রেয় (ঢক্)
দুহিতৃ—দৌহিত্রঃ (অঞ্) সুমিত্রা—সৌমিত্রিঃ (ইঞ্)

(২) তত্র ভবঃ—এই অর্থে, গ্রাম—গ্রামীণ (খঞ্)। দ্বীপ—দ্বৈপায়নঃ মথুরা—মাথুরঃ (অঞ্)।

(৩) অস্য দেবতা—এই অর্থে, শিবঃ অস্য দেবতা—শৈবঃ, (অঞ্), বিষ্ণু—বৈষ্ণবঃ, সূর্য—সৌরঃ, গণপতি—গাণপত্যঃ (ষ্যঞ্)।

(৪) ততঃ আগতম্ এই অর্থে : পৈতৃকম্, মাতৃকম্ (কন্)।

(৫) তস্য বা তস্যা ইদম্—গঙ্গা—গাঙ্গম্ (অঞ্), রাজন্—রাজকীয়ম্ (ছ) বায়ু—বায়বীয়ম্ (ছ), স্ব—স্বকীয়ম্ (ছ)।

(৬) তেন নিবৃত্তম্—অহ্না নিবৃত্তম্—আহ্নিকম্ (ঠক্), মাসিকম্।

(৭) তম্ অর্হতি—দণ্ডম্ অর্হতি—দণ্ড্যঃ (যৎ), এইরূপ অর্ঘ্যঃ, বধ্যঃ।

(৮) তত্র সাধুঃ—সভায়াং সাধুঃ—সভ্যঃ (য প্রত্যয়)।

(৯) তস্মাৎ অনপেতম্—ধর্মাৎ অনপেতম্—ধর্ম্যম্, ন্যায্যম্, পথ্যম্ (যৎ)।

(১০) তৎ বেত্তি অধীতে বা—ব্যাকরণং বেত্তি—বৈয়াকরণঃ, তার্কিকঃ।

(১১) স্বার্থে—মনঃ এব—মানসম্ (অঞ্)। প্রজ্ঞ এব—প্রাজ্ঞঃ। দৈবঃ।

(১২) ভাবে—বৃদ্ধস্য ভাবঃ—বার্ধকম্। গুরু—গৌরবম্। শৈশবম্। মান্দ্যম্। মধুর—মাধুর্যম্, (ষ্যঞ্), মাধুরী (অণ্+ঙীপ্), মধুরিমা (ইমন্) ['ইমন্' ভাগাব

পুংলিঙ্গ], সিত—সিতিমা, নীল—নীলিমা, জড়—জড়িমা, **বহু**—ভূমা। **ভাবে বা কর্মার্থে**—রাজ্ঞঃ ভাবঃ কর্ম বা—রাজ্যম্ (যক্)। মুনি—মৌনম্, চতুর—চাতুর্যম্, চাতুরী (অণ্+ঙীপ্)। তল্ (তা) প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ—দরিদ্রতা, লঘুতা।

(১৩) **অস্ত্যর্থে মতুপ্**—ধনবান্, বিদ্যাবান্ (অবর্ণের পরে 'বৎ' হয়)। শ্রীমান্, বুদ্ধিমান্, কিন্তু লক্ষ্মীবান্। গুণ—গুণী (ইনি)। ফেন—ফেনিল (ইল)। মধু—মধুরঃ (র)। স্ব—স্বামী (আমিন্)। **অর্থী**—যাচকঃ, অর্থবান্—ধনী।

(১৪) **বিশেষ অর্থেঃ**

পৃথিব্যাঃ রাজা—পার্থিবঃ। পঞ্চালস্য রাজা—পাঞ্চালঃ। জনানাং সমূহঃ—**জনতা**। বন্ধূনাং সমূহঃ—বন্ধুতা। সুবর্ণস্য বিকারঃ—সৌবর্ণম্। ধনুরস্য প্রহরণম্—ধানুষ্কঃ (উকঞ্)। রামম্ অধিকৃত্য কৃতম্ কাব্যম্—রামায়ণম্। ভগবন্তম্ অধিকৃত্য কৃতম্—ভাগবতম্। ঋষিণা প্রোক্তম্—**আর্যম্**। **কর্মণে প্রভবতি**—কার্মুকম্ (উকঞ্) (ধনুঃ)। **আত্মনে হিতম্**—আত্মনীনম্ (খ)। সর্বজনেভ্যঃ হিতম্—সর্বজনীনম্ (খ)। সাক্ষাৎ দ্রষ্টা—সাক্ষী। জাতার্থে ইতচ্—পল্লবিতঃ, পুষ্পিতঃ।

(১৫) **বিভক্তির অর্থেঃ**

(ক) তসিল্ (পঞ্চমী ও ৭মী অর্থে), গৃহাৎ—গৃহতঃ, অগ্রে—অগ্রতঃ। (খ) ত্রল্ (৭মী অর্থে)—সর্বত্র, যত্র। (গ) প্রকার অর্থে **থাল্**—যথা, তথা, সর্বথা; ধাচ্—একধা, চতুর্ধা, **ষোঢ়া**। (ঘ) সাদৃশ্য অর্থে—পিতৃবৎ, (এগুলি অব্যয়)।

(১৬) **অপেক্ষাকৃত উৎকর্ষ অর্থেঃ**

(ক) দুইয়ের মধ্যে **'তরপ্'** এবং বহুর মধ্যে **'তমপ্'**—অয়ম্ অনয়োঃ অতিশয়েন বলবান্—বলবত্তরঃ, (ইয়ম্......বলবতী—বলবত্তরা)। অয়ম্ এষু এতেষাম্ বা অতিশয়েন বলবান্—বলবত্তমঃ, (ইয়ম্ আসু...বলবতী—বলবত্তমা)।

(খ) তরপ্ স্থানে **ঈয়স্থন্**, এবং তমপ্ স্থানে **ইষ্ঠ** প্রত্যয়ও হয়। ঈয়স্থন্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে লঘীয়স্ শব্দের মত—লঘীয়ান্ লঘীয়াংসৌ লঘীয়াংসঃ। স্ত্রীলিঙ্গে ঈ-যোগে নদীর মত—গরীয়সী। ইষ্ঠ প্রত্যয়ান্ত শব্দ অ-কারান্ত। স্ত্রীলিঙ্গে আ-যোগ। ঈয়স্ ও ইষ্ঠপ্রত্যয়যোগে রূপান্তর হয়, যেমন:—

শব্দ ঈয়স্থন্	ইষ্ঠ	শব্দ ঈয়স্থন্	ইষ্ঠ
অন্তিক—নেদীয়স্	নেদিষ্ঠ	পৃথু—প্রথীয়স্	প্রথিষ্ঠ
অল্প—অল্পীয়স্	আল্পিষ্ঠ	প্রিয়—প্রেয়স্	প্রেষ্ঠ
কনীয়স্	কনিষ্ঠ	বলবৎ—বলীয়স্	বলিষ্ঠ
উরু—বরীয়স্	বরিষ্ঠ	**বহু**—ভূয়স্	ভূয়িষ্ঠ
ক্ষুদ্র—ক্ষোদীয়স্	ক্ষোদিষ্ঠ	বৃদ্ধ—বর্ষীয়স্	বর্ষিষ্ঠ
গুরু—গরীয়স্	গরিষ্ঠ	জ্যায়স্	জ্যেষ্ঠ
দীর্ঘ—দ্রাঘীয়স্	দ্রাঘিষ্ঠ	**স্থির**—স্থেয়স্	স্থেষ্ঠ
দূর—দবীয়স্	দবিষ্ঠ	স্থূল—স্থবীয়স্	স্থবিষ্ঠ
প্রশস্য—শ্রেয়স্	**শ্রেষ্ঠ**	**বহুল**—বংহীয়স্	বংহিষ্ঠ

Exercise

1. Give single word : (এক কথায় প্রকাশ কর) :—

সুমিত্রায়াঃ অপত্যং পুমান্, গ্রামে ভবঃ, বধম্ অর্হতি, ব্যাকরণং বেত্তি, দশরথস্য অপত্যং পুমান্, সর্বজনেভ্যঃ হিতম্, জনানাং সমূহঃ, অয়ম্ অনয়োঃ অতিশয়েন বলবান্, ঋষিণা প্রোক্তম্, ইয়ম্ আসু অতিশয়েন ক্ষুদ্রা, সভায়াম্ সাধুঃ।

2. Translate into Sanskrit (সংস্কৃতে অনুবাদ কর) :—

Learning is greater than money. Rabindranath is the greatest of poets. The lion is the strongest of animals. The dog is stronger than the cat. Motherland is superior to heaven.

সমাস

(Compound)

একপদীভাবঃ সমাসঃ—দুই বা ততোধিক পদকে একটি পদে পরিণত করাকে সমাস বলে। সন্ধিতে দুই বর্ণের মিলন হয়, কিন্তু দুইটি পদ এক হইয়া যায় না। সুবন্ত পদের সহিত (সুবন্ত) পদের সমাস হইয়া থাকে—**সহ সুপা**। সমাস চারি প্রকার—অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, ও দ্বন্দ্ব। ইহা ছাড়া দুই প্রকার সমাস আছে: কর্মধারয় ও দ্বিগু। বাস্তবিক পক্ষে কর্মধারয় তৎপুরুষেরই প্রকারভেদ এবং দ্বিগুও আবার কর্মধারয়ের একটি প্রকারভেদ।

অব্যয়ীভাব

পূর্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ—অব্যয়ীভাব সমাসে সাধারণতঃ পূর্বপদের অর্থ প্রধান হয়। অব্যয়ীভাব সমাস **ক্লীবলিঙ্গ** ও একবচন। শক্তিম্ অনতিক্রম্য—**যথাশক্তি**। গৃহে গৃহে—প্রতিগৃহম্। বনে—অধিবনম্। গিরেঃ সমীপম্—**উপগিরম্**, উপগিরি। ভিক্ষায়াঃ অভাবঃ—দুর্ভিক্ষম্। রূপস্য যোগ্যম্—অনুরূপম্। আ সমুদ্রেভ্যঃ—আসমুদ্রম্। গঙ্গায়াঃ পারে—**পারেগঙ্গম্**। অক্ষ্ণঃ পরম্—**পরোক্ষম্**। অক্ষি অক্ষি প্রতি—প্রত্যক্ষম্।

তৎপুরুষ

উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ—তৎপুরুষ সমাসে পরপদের অর্থের প্রাধান্য এবং পরের পদটির অনুসারেই সমস্ত পদের লিঙ্গ নির্ণয় হয়—**পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ**।

পূর্বপদের দ্বিতীয়া, তৃতীয়া প্রভৃতি বিভক্তি অনুসারে তৎপুরুষের নাম।

তৃতীয়াতৎপুরুষ—তেন সদৃশঃ—তৎসদৃশঃ। জ্ঞানেন হীনঃ—জ্ঞানহীনঃ। রামেণ হতঃ—রামহতঃ।

চতুর্থীতৎপুরুষ—যূপায় দারু—যূপদারু। দ্বিজায় ইদম্—**দ্বিজার্থম্** (৪র্থী তৎ, নিত্যসমাস)।

পঞ্চমীতৎপুরুষ—চৌরাদ্ ভয়ম্—চৌরভয়ম্। বিপদঃ মুক্তঃ—বিপন্মুক্তঃ।

ষষ্ঠীতৎপুরুষ—রাজ্ঞঃ পুত্রঃ—রাজপুত্রঃ। মম পুস্তকম্—মৎপুস্তকম্। যুষ্মাকং দেশঃ—যুষ্মদ্দেশঃ। কৃষ্ণস্য সখা—**কৃষ্ণসখঃ**। রাজ্ঞঃ পন্থাঃ—**রাজপথঃ**। তরূণাম্ ছায়া—**তরুচ্ছায়ম্** (নিত্যং ছায়াবাহুল্যে—ক্লীবলিঙ্গ)। বৃক্ষস্য ছায়া—বৃক্ষচ্ছায়া। নৃপস্য সভা—নৃপসভম্। স্ত্রীণাং সভা—**স্ত্রীসভম্** (সমূহ অর্থে) কিন্তু সভাশব্দের গৃহ অর্থে—স্ত্রীসভা।

সপ্তমী তৎপুরুষ—শাস্ত্রেষু প্রবীণঃ—শাস্ত্র-প্রবীণঃ। তর্ক-পণ্ডিতঃ।

একদেশী সমাস—পূর্বং কায়স্য—পূর্বকায়ঃ। পূর্বম্ অহ্নঃ—পূর্বাহ্নঃ (ষষ্ঠ্যন্ত পদ পরে বসে এবং একদেশ বা অংশবাচক শব্দটি পূর্বে বসে)। অর্ধরাজ্যম্।

কর্মধারয়

তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্মধারয়ঃ—সমানাধিকরণ অর্থাৎ উভয়পদ এক বিভক্তিযুক্ত হইলে উহাদের তৎপুরুষ সমাসকে কর্মধারয় বলে। প্রায়ই বিশেষণ ও বিশেষ্য পদে এই সমাস হয়। কর্মধারয় সমাসে পূর্বপদের স্ত্রীলিঙ্গ প্রায়ই পুংলিঙ্গ হয় এবং 'মহৎ' শব্দ স্থানে মহা আদেশ হয়। নীলম্ উৎপলম্—নীলোৎপলম্। কৃষ্ণা চতুর্দশী—কৃষ্ণচতুর্দশী। মহান্ রাজা—**মহারাজঃ** (সমাসান্ত টচ্ যোগে)। প্রিয়ঃ সখা—প্রিয়সখঃ (সমাসান্ত টচ্ যোগে)। পাচিকা স্ত্রী—পাচকস্ত্রী।

দ্রষ্টব্য ঃ—বিশেষণ স্থানীয় মহৎ শব্দ পূর্বপদে 'মহা' হয়। শেষ পদে পথিন্ শব্দের উত্তর ড (অ) হয়—মহাপথঃ। তৎপুরুষ, কর্মধারয় ও দ্বিগুসমাসে রাজন্, অহন্ ও সখি শব্দের পর সমাসান্ত **টচ্** হয়—মগধরাজঃ, পূর্বাহ্নঃ (পূর্বম্ অহ্নঃ), কৃষ্ণসখঃ (কৃষ্ণস্য সখা)।

আরও কয়েকটি কর্মধারয়

উপমান কর্মধারয়—উপমান বা যাহার সহিত তুলনা+গুণ বা দোষ-বোধক শব্দ। **উপমানানি সামান্যবচনৈঃ**—ঘনঃ ইব শ্যামঃ—ঘনশ্যামঃ।

উপমিত কর্মধারয়—উপমেয়+উপমান, গুণ দোষ উহ্য—**উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে**—নরঃ ব্যাঘ্রঃ ইব—নরব্যাঘ্রঃ।

রূপক কর্মধারয়—উপমান ও উপমেয়ের মধ্যে অভেদ সম্বন্ধ। ব্যাস-বাক্যে 'এব' হইবে। দুঃখম্ এব সাগরঃ—দুঃখসাগরঃ। শোকাগ্নিঃ।

মধ্যপদলোপী কর্মধারয়—শাকপার্থিবাদি সমাসও বলে। শাকপ্রিয়ঃ পার্থিবঃ। ময়ূরচিহ্নিতম্ আসনম্—ময়ূরাসনম্।

বিশেষ ক্ষেত্রে কর্মধারয়—স্নাতানুলিপ্তঃ—পূর্বং স্নাতঃ পশ্চাৎ অনুলিপ্তঃ। সুপ্তোত্থিতঃ—পূর্বং সুপ্তঃ পশ্চাৎ উত্থিতঃ। **কুৎসিতঃ রাজা**—কিংরাজা।

দ্বিগু সমাস

সংখ্যাপূর্বো দ্বিগুঃ তদ্ধিতার্থোত্তরপদে সমাহারে চ—পঞ্চানাং বটানাং সমাহারঃ—পঞ্চবটী। ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ—ত্রিভুবনম্। **উত্তর-পদদ্বিগু**—পঞ্চ গাবঃ ধনং যস্য—পঞ্চগবধনম্। **তদ্ধিতার্থদ্বিগু**—তিসৃণাং মাতৃণাম্ অপত্যম্ পুমান্—ত্রৈমাতুরঃ।

আর কয়েকটি বিশেষ তৎপুরুষ

নঞ্ তৎপুরুষ—ন সুখম্—অসুখম্। ন ভাবঃ—অভাবঃ। ন ক্ষত্রম্—নক্ষত্রম্ (নিপাতনে)। ন স্ত্রী পুমান্ (বা)—নপুংসকম্। ন অকম্ (দুঃখম্) যস্মিন্—নাকঃ (স্বর্গঃ)।

ময়ূরব্যংসকাদি—নিপাতনে সিদ্ধ—ময়ূরঃ ব্যংসকঃ (চতুরঃ)—ময়ূরব্যংসকঃ। নাস্তি কুতো ভয়ং যস্য—অকুতোভয়ঃ (বহুব্রীহি নহে)। নাস্তি কিঞ্চন যস্য সঃ—অকিঞ্চনঃ। উদক্ চ অবাক্ চ—উচ্চাবচম্। তদ্ এব—**তন্মাত্রম্** (নিত্য-সমাস)। যা ইচ্ছা—যদৃচ্ছা। অন্যঃ দেশঃ—**দেশান্তরম্** (নিত্যসমাস)।

প্রাদিতৎপুরুষ—সু (উত্তমঃ) পুরুষঃ—সুপুরুষঃ। সু (উত্তমঃ) রাজা—সুরাজা। প্রগতঃ আচার্যঃ—প্রাচার্যঃ। অতি (অতিক্রান্তঃ) বেলাম্—অতিবেলঃ। প্র (প্রগতঃ) ভাবঃ—প্রভাবঃ। নির্ (নিষ্ক্রান্তঃ) কৌশাম্ব্যাঃ—নিষ্কৌশাম্বিঃ।

উপপদতৎপুরুষ—কুম্ভং করোতি যঃ সঃ—কুম্ভকারঃ। গুণেন শালতে যঃ সঃ—গুণশালী। পাদেন পিবতি যঃ সঃ—পাদপঃ।

গতিতৎপুরুষ—অব্যয় উপপদের সহিত ধাতুর সমাস। তিরস্কৃত্য, অলঙ্কৃত্য

বহুব্রীহি

অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ—যে কয়টি পদের দ্বারা সমাস করা হয়, তাহাদের অর্থ প্রধানভাবে না বুঝাইয়া যে সমাসে অন্য পদের অর্থ বুঝায়, তাহাকে বহুব্রীহি সমাস বলে। এই সমাসনিষ্পন্ন পদ **বিশেষণ**। বিশেষ্যের অনুরূপ ইহার লিঙ্গ, বিভক্তি ও বচন হইবে। দীর্ঘৌ বাহূ যস্য সঃ—দীর্ঘবাহুঃ। দীর্ঘ দুই বাহুকে না বুঝাইয়া দীর্ঘবাহুদ্বয়বিশিষ্ট লোককে বুঝাইল। নির্মলং জলং যস্যা: সা (নদী)—নির্মলজলা। বীণা পাণৌ যস্যাঃ সা—বীণাপাণিঃ।

কয়েকটি দৃষ্টান্ত

স্থিরা বুদ্ধিঃ যস্য সঃ—স্থিরবুদ্ধিঃ। সুন্দরী ভার্যা যস্য সঃ—সুন্দরভার্যঃ, কিন্তু পাচিকাভার্যঃ, ব্রাহ্মণীভার্যঃ। পুত্রেণ সহ বর্তমানঃ—সহপুত্রঃ, সপুত্রঃ। অবিদ্যমানঃ পুত্রঃ যস্য সঃ—অপুত্রঃ। চিত্রা গৌঃ যস্য সঃ—**চিত্রগুঃ**। বৃদ্ধঃ পিতা যস্য সঃ—বৃদ্ধপিতৃকঃ। এইরূপ নদীমাতৃকঃ (দেশঃ), প্রোষিতভর্তৃকা, মৃতপত্নীকঃ [**নদ্যৃতশ্চ**—নদীসংজ্ঞক স্ত্রীলিঙ্গ ও ঋকারান্তের পর 'ক' হয়। কিন্তু, পণ্ডিতঃ ভ্রাতা যস্য সঃ—**পণ্ডিতভ্রাতা**।] মহৎ তেজঃ যস্য সঃ—মহাতেজস্কঃ। ব্যূঢ়ম্ উরঃ যস্য সঃ—ব্যূঢ়োরস্কঃ (**উরঃপ্রভৃতিভ্যঃ কপ্**)। সু শোভনঃ গন্ধঃ যস্য সঃ—**সুগন্ধঃ বায়ুঃ** (দ্রব্যান্তরের গন্ধের সহিত সম্বন্ধে), কিন্তু নিত্যসম্বন্ধ বুঝাইলে—**সুগন্ধিঃ** (**কুসুমচয়ঃ**)। পদ্মস্যইব গন্ধঃ যস্য সঃ—পদ্মগন্ধিঃ (উপমানবাচক গন্ধশব্দের উত্তর 'ই')। **পুষ্পধন্বা**। দুষ্টা মেধা যস্য সঃ—দুর্মেধাঃ (এইরূপ সুমেধাঃ, অপ্রজাঃ—অস্ভাগান্ত হয়)। সীতা জায়া যস্য সঃ—**সীতাজানিঃ**। যুবজানিঃ। দ্বৌ ত্রয়ো বা—**দ্বিত্রাঃ** (দ্বন্দ্ব নহে)।

সমানাধিকরণ বহুব্রীহি—বিশেষণ ও বিশেষ্য পদের এই বহুব্রীহিতে ব্যাসবাক্যে একই প্রকার বিভক্তি—নীলম্ অম্বরং যস্য সঃ—নীলাম্বরঃ।

ব্যধিকরণ বহুব্রীহি—পূর্বপদ বিশেষণ নয়, ব্যাসবাক্যে ভিন্ন বিভক্তি হয়, যেমন—দণ্ডঃ পাণৌ যস্য—দণ্ডপাণিঃ, চক্রং পাণৌ যস্য সঃ—চক্রপাণিঃ।

ব্যতিহার বহুব্রীহি—তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের পরস্পরের কার্য বুঝাইলে ব্যতিহার বহুব্রীহি হয়। দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—**দণ্ডাদণ্ডি**। কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্—কেশাকেশি (যুদ্ধম্)।

মধ্যপদলোপী বহুব্রীহি—শাস্ত্রজ্ঞানম্ এব ধনং যস্য সঃ—শাস্ত্রধনঃ।

দ্বন্দ্ব

চার্থে দ্বন্দ্বঃ—সমুচ্চয় অর্থে দ্বন্দ্ব। **উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ**। রামশ্চ লক্ষ্মণশ্চ—রামলক্ষ্মণৌ। দ্বন্দ্ব দুই প্রকার—ইতরেতর দ্বন্দ্ব ও সমাহার দ্বন্দ্ব।

ইতরেতর দ্বন্দ্ব—প্রত্যেক পদের অর্থ প্রধান এবং প্রত্যেক পদের বচন অনুসারে সমাসবদ্ধ পদের বচন নির্ণীত হয়, লিঙ্গ শেষের পদ অনুসারে। ভীমশ্চ অর্জুনশ্চ—ভীমার্জুনৌ। ধর্মঃ অর্থঃ কামশ্চ—ধর্মার্থকামাঃ। **জায়া চ পতিশ্চ**—জায়াপতী, জম্পতী ও **দম্পতী**। **মাতা চ পিতা চ**—মাতাপিতরৌ, মাতর-পিতরৌ। মিত্রশ্চ বরুণশ্চ—মিত্রাবরুণৌ। **দ্যৌশ্চ পৃথিবী চ**—দ্যাবাপৃথিব্যৌ, দিবস্পৃথিব্যৌ। বাক্ চ মনশ্চ—**বাঙ্মনসে**। দ্যৌশ্চ ভূমিশ্চ—দ্যাবাভূমী।

সমাহার দ্বন্দ্ব—সমাহার দ্বন্দ্বে মিলিত সমষ্টি বুঝায়। উহা নিত্য ক্লীবলিঙ্গ ও একবচন। **প্রাণিতূর্যসেনাঙ্গানাম্**—(এই সকলের অঙ্গ বুঝাইলে)—পাণী চ পাদৌ চ—পাণিপাদম্। ভেরী চ পটহশ্চ—ভেরীপটহম্। রথিকাশ্চ অশ্বারোহাশ্চ—রথিকাশ্বারোহম্। **যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ**—অহয়শ্চ নকুলাশ্চ—অহিনকুলম। **নদীবাচিনাং লিঙ্গভেদে দেশবাচিনাঞ্চ**—গঙ্গা চ শোণশ্চ—গঙ্গাশোণম্। **আরও দৃষ্টান্ত**—বাক্ চ ত্বক্ চ—বাকত্বচম্।

সমাসান্ত

সমাসের পরে কোন কোন্ স্থলে সমাসান্ত প্রত্যয় যুক্ত হয়। দৃষ্টান্ত পূর্বে কিছু কিছু দেওয়া হইয়াছে। এখানেও কয়েকটি দেওয়া হইতেছে. যথা:—

টচ্ (অ)—মহারাজঃ, প্রিয়সখঃ, উপগিরম্, বাক্‌ত্বচম্। **ষচ্** (অ)—হিরণ্যাক্ষঃ। **অচ্**—সুপ্রাতম্, **নিঃশ্রেয়সম্**, বাঙ্মনসে, পুরুষায়ুষম্ **অসিচ্**—দুর্মেধাঃ, অপ্রজাঃ। **ইচ্**—কেশাকেশি। **নিঙ্**—যুবজানিঃ (যুবতি

জায়া যস্য সঃ)। **অনঙ্**—পুষ্পধন্বা। ই—সুগন্ধিঃ (কুসুমচয়ঃ)। **কপ্**—বিপত্নীকঃ, অনর্থকম্। **ড (অ)**—রাজপথঃ, সমীপম্।

অলুক্ সমাস

সমাসে পূর্বপদের বিভক্তি কোন কোন স্থলে লুপ্ত হয় না। এই জাতীয় সমাসকে অলুক্ সমাস বলে। যে কোন সমাসই অলুক্ হইতে পারে। খেনেচরঃ—উপপদতৎ (অলুক্)। এইরূপ—অন্তেবাসী, সরসিজম্। যুধিষ্ঠিরঃ—৭মী তৎ (অলুক্)। দেবানাম্প্রিয়ঃ—৬ষ্ঠীতৎ (ইহার অর্থ—মূর্খ)। দাস্যাঃপুত্রঃ-৬ষ্ঠী তৎ (ইহা গালাগালি)। মাতুঃস্বসা (মাতুঃ স্বসা)—৬ষ্ঠীতৎ (অলুক্)।

নিত্য সমাস

অবিগ্রহো নিত্যসমাসঃ অস্বপদবিগ্রহো বা—(১) যে সমাসে ব্যাসবাক্য হয় না, যেমন, কৃষ্ণসর্পঃ (কেউটে সাপ—Cobra), বা (২) যে শব্দগুলির দ্বারা সমাস হয়, তাহাদের মধ্যে একটির পরিবর্তে অন্য পদের সাহায্যে ব্যাসবাক্য করা যায়, তখন নিত্যসমাস—**অন্যঃ দেশঃ**—দেশান্তরম্। **তস্মৈ ইদম্**—তদর্থম্।

সুপ্সুপা বা সহসুপা সমাস

সুবন্ত পদের সঙ্গেই সুবন্ত পদের সমাস হয়। কিন্তু যেখানে অন্য কোন সমাসের নিয়ম খাটে না, সেইখানেই সুপ্সুপা সমাস বলা হয়। যেমন—পূর্বং ভূতঃ—ভূতপূর্বঃ। পরমং পূজ্যঃ—পরমপূজ্যঃ।

একশেষ

একশেষ সমাস নহে—সমাসের মত ইহা একটি বৃত্তি। সমার্থক বা সমানাকার দুই বা বহুপদের একার্থে বৃত্তি হইলে একটি পদ অবশিষ্ট থাকে—**সরূপাণাম্ একশেষ একবিভক্তৌ**।—দেবশ্চ দেবশ্চ—দেবৌ, তরুশ্চ তরুশ্চ তরুশ্চ—তরবঃ। পন্থাশ্চ পন্থাশ্চ পন্থাশ্চ—পন্থানঃ (একশেষ সমাস নয় বলিয়াই সমাসান্ত ড যোগে বহুবচনে "পথাঃ" হইল না, বা করশ্চ করশ্চ=করৌ হইল, সমাহাররূপে 'করম্' হইল না)। **পুমান্ স্ত্রিয়া**—ভগিনী চ ভ্রাতা চ—ভ্রাতরৌ। মাতা চ পিতা চ—**পিতরৌ**। **শ্বশুরশ্চ শ্বশ্রূশ্চ—শ্বশুরৌ**।

সমাসে অর্থভেদ

মহাবাহুঃ—মহান্তৌ বাহূ যস্য সঃ (বহুব্রীহি)—মহাবাহুঃ বীরঃ শত্রুং পরাজয়তে। অথবা, কর্মধারয় (মহান্ বাহুঃ)—বীরস্য মহাবাহুঃ আর্তত্রাণায়। পরপদের বিশেষণ হইলে পূর্বপদে মহৎ স্থানে 'মহা' আদেশ হয়।

মহদ্বাহুঃ—মহতঃ বাহুঃ (মহতের বাহু)—ষষ্ঠী তৎপুরুষ। মহৎ শব্দ এখানে বিশেষ্য। মহদ্বাহুঃ দানে ব্যাপৃতো ভবতি।

প্রিয়সখঃ—প্রিয়ঃ সখা (কর্মধারয়) [তৎপুরুষ ও কর্মধারয় সমাসে সমাসান্ত টচ্ হয়]—কৃষ্ণঃ অর্জুনস্য প্রিয়সখঃ।

প্রিয়সখা—প্রিয়ঃ সখা যস্য সঃ (বহুব্রীহি) [টচ্ হয় না]—অর্জুনঃ প্রিয়সখা ইতি তস্য মহান্ হর্ষঃ।

মহারাজঃ—মহান্ রাজা (কর্মধারয়) [সমাসান্ত টচ্]—আসীৎ শূদ্রকো মহারাজঃ।

মহারাজা—মহান্ রাজা যস্য সঃ (বহুব্রীহি) [টচ্ হয় না]। ধন্যঃ মহারাজা অঙ্গদেশঃ।

সুগন্ধিঃ—সমবায় সম্বন্ধে গন্ধ বর্তমান—[সমাসান্ত ই]। সুগন্ধিঃ পুষ্পচয়ঃ অস্মান্ আমোদয়তি।

সুগন্ধঃ—সংযোগ সম্বন্ধে গন্ধ। সুগন্ধঃ পবনো বাতি।

Exercise

1. Illustrate by sentences (বাক্যে প্রয়োগ দেখাও) :—
অব্যয়ীভাব, উপমিত কর্মধারয়, প্রাদিতৎপুরুষ, গতিতৎপুরুষ, নিত্যসমাস।

2. Discuss if একশেষ is a Samasa or not (একশেষ সমাস কিনা—আলোচনা কর)।

3. Distinguish between (পার্থক্য দেখাও) :—
(i) মহারাজা, মহারাজঃ (ii) মহাবাহুঃ, মহদ্বাহুঃ।

দ্রষ্টব্য :—উত্তর তরঙ্গে অন্যান্য জ্ঞাতব্য ও অনুশীলনী দ্রষ্টব্য।

অশুদ্ধি সংশোধন

(Correction of Errors)

অশুদ্ধ প্রয়োগকে শুদ্ধ করিতে হইলে নিম্নের কয়েকটি বিষয়ে বিশেষ এবং সতর্ক দৃষ্টি রাখা প্রয়োজন।

১। **ণত্ব ষত্বের ভুল**—ব্যাধঃ **মৃগাণ্** হন্তি (দন্ত্য ন্ হইবে)।

২। **সন্ধির ভুল**—দ্বিবচন নিষ্পন্ন **ঈ, ঊ** এবং **এ**-কারান্ত পদের বা **অমী** পদের সহিত পরবর্তী বর্ণের স্বরসন্ধি হয় না। অতএব সাধ্ব্যিমৌ, মুন্যেতৌ, যাচেতেহর্থম্, অম্যশ্বাঃ—সব ভুল। সো বালকঃ—সন্ধির ভুল (সঃ বা এষঃ পদের বিসর্গ লোপ হয় অ-ভিন্ন বর্ণ থাকিলে)। অতএব 'স বালকঃ' হইবে। **'পিতো-রক্ষ'** ভুল (পূর্ব স্বর দীর্ঘ হইবে—পিতারক্ষ)।

৩। **শব্দরূপের ভুল**—স্ত্রীলিঙ্গে ২য়ার বহুবচনে স্বরান্ত শব্দে শেষ স্বর প্রায়ই দীর্ঘ ও পরে বিসর্গ হয় (দন্ত্য ন্ নহে)। মাতৄন্, দুহিতৄন্—সব ভুল (মাতৄঃ, দুহিতৄঃ হইবে)। লক্ষ্মী শব্দের ১মার ১বচনে লক্ষ্মীঃ। মহিমন্, সবিতৃ—এ সব পুংলিঙ্গ ; উহাদের বিশেষণে পুংলিঙ্গ হইবে—**অপারঃ মহিমা**। ক্লীবলিঙ্গে ইকারান্ত ও উকারান্ত শব্দের ১মা ২য়ায় একবচনে ম্ হয় না। 'অন্নম্ স্বাদুম্' নহে, **'স্বাদু'** হইবে। ভগবৎ, যশস্, নভস্, মনস্ প্রভৃতি শব্দ ব্যঞ্জনান্ত, অকারান্ত নহে (ভগবানস্য নহে, ভগবতঃ হইবে) ; 'মনে' ভুল, **মনসি** হইবে)। ব্যঞ্জনবর্ণে **আম্** যুক্ত হয় (বণিজাম্, সুহৃদাম্ হইবে, সুহৃদানাম্ নহে)। মে, তে (যুষ্মদ্ শব্দের তে) বাক্যের প্রথমে বসে না। অম্বা শব্দের সম্বোধনে অম্ব।

৪। **অব্যয়ের ভুল**—অব্যয়ের রূপ বদলায় না। মিথ্যাম্, দিবায়াম্, প্রাতে—এই সব ভুল। মিথ্যা, দিবা, প্রাতঃ—এই রূপই থাকিবে। ইহাদের বিশেষণ ক্লীবলিঙ্গ—'মিথ্যা ন বক্তব্যা' ভুল, 'বক্তব্যম্' হইবে। 'রম্যম্ প্রাতঃ' হইবে।

৫। **লিঙ্গ ও বচনের ভুল**—'মিত্র' শব্দ বন্ধু অর্থে ক্লীবলিঙ্গ, স্ত্রী অর্থে 'কলত্র' ক্লীবলিঙ্গ ও 'দার' পুংলিঙ্গ বহুবচন। প্রাণবাচক শব্দ বহুবচন ও পুংলিঙ্গ। বর্ষা, সমা (বৎসর) ও সিকতা বহুবচনান্ত। অপ্ শব্দ (বহুবচনান্ত) ও দিশ্, আপদ, বিপদ্—সব স্ত্রীলিঙ্গ, দক্ষিণস্যাং দিশি, ঈদৃশ্যাম্ আপদি। (পশ্চিম শব্দ সর্বনাম নহে—অতএব পশ্চিমায়াং দিশি হইবে)। আস্পদ, পাত্র, শরণ প্রভৃতি শব্দ নিত্য ক্লীবলিঙ্গ। সংখ্যাবাচক বিংশতি, শত ও সহস্র—এই সব শব্দ বিশেষণ হইলে নিত্য একবচন। 'বিংশতয়ঃ স্ত্রিয়ঃ' ভুল (বিংশতিঃ স্ত্রিয়ঃ হইবে)। বিশেষণ হইলে 'শত' ও 'সহস্র' শব্দ ক্লীবলিঙ্গ ও একবচন—শতং বা সহস্রং নরাঃ।

৬। **ধাতুরূপের ভুল**—কতকগুলি ধাতুর লট্ অন্তি যোগে শেষে 'তি' হয় (শাসতি, বিভ্যতি, জাগ্রতি), আবার লট্ অন্তে যোগে 'তে' হয় (যেমন—শেরতে, আসতে, কুর্বতে, ক্রীণতে)।

৭। **আত্মনেপদী পরস্মৈপদীর ভুল**—বি, বা পরা-জি ধাতু আত্মনেপদী (বিজয়তু ভুল—বিজয়তাম্ হইবে)। বি-ক্রী আত্মনেপদী। জ্ঞা, স্মৃ, শ্রু, দৃশ্ সনন্ত হইলে আত্মনেপদী (জিজ্ঞাসতে, শুশ্রূষতে, দিদৃক্ষতে)। ইহাদের পর শতৃ হইবে না—শানচ্ হইবে (শুশ্রূষমাণ)। প্র-বহ্ পরস্মৈপদী। আ-দা মুখব্যাদান অর্থ ছাড়া আত্মনেপদী। সম্-চর্ করণযুক্ত হইলে আত্মনেপদী—রাজা রথেন সঞ্চরতে, কিন্তু বনে সঞ্চরতি। বি-বদ্ বিবাদ অর্থে আত্মনেপদী—বিবদতে। যুদ্ধে আহ্বান অর্থে আ-হ্বে আত্মনেপদী, নচেৎ পরস্মৈপদী।

৮। **লট্ লোট্ প্রভৃতি লকারের ভুল**—অনদ্যতন অতীত (Past but not today)—এই অর্থে লঙ্। 'অদ্য বৃষ্টিরভবৎ' ভুল (অদ্য বৃষ্টিরভূৎ হইবে) [ভূতসামান্যে লুঙ্]। পরোক্ষে লিট্ হয়—নিজের দৃষ্টির বাহিরে যাহা ঘটে, তাহাকেই বলে পরোক্ষ। অতএব উত্তমপুরুষে লিট্ সাধারণতঃ হয় না (অহং বালকং দদর্শ—ভুল, শুদ্ধ হইবে 'অহং বালকম্ অপশ্যম্')।

৯। **কারক ও বিভক্তির ভুল**—উপ-অনু-অধি-আ-বস্ বা অধি পূর্বক শী, স্থা, আস্ ধাতুর **অধিকরণে কর্ম**—এই নিয়মের ব্যতিক্রমে ভুল হইবে (বনম্ উপবসতি, শয্যাম্ অধিশেতে হইবে)। সবেগম্, সযত্নম্—ক্রিয়াবিশেষণে ২য়া; বিশেষ্য হইলে ৩য়া, যেমন—বেগেন, যত্নেন। প্রতি ও নিকষা যোগে ২য়া,—'মম প্রতি' ভুল, 'মাং প্রতি' হইবে। প্রয়োজনার্থে ৩য়া। দা-ধাতুর যোগে এবং রুচ্যর্থ ধাতুর যোগে সম্প্রদান—এ সব বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা উচিত—'মাং ধনং দেহি' ভুল (মহ্যম্ হইবে), 'মম রোচতে' ভুল (মহ্যম্ হইবে)। বহিঃ শব্দ যোগে ৫মী—গৃহাৎ বহিঃ (গৃহস্য বহিঃ ভুল), ভী-ধাতুর যোগে ৫মী এবং একটির অপেক্ষা ভাল বা মন্দ বুঝাইলে অপেক্ষা অর্থে **৫মী, কিন্তু বহুর মধ্যে নির্ধারে** ৬ষ্ঠী বা ৭মী। 'কবিভ্যঃ কালিদাসঃ শ্রেষ্ঠঃ' ভুল (কবীনাম্ বা কবিষু হইবে)। ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্—এই কারকষষ্ঠী নিষেধের নিয়ম লক্ষণীয়,—জলস্য পিপাসুঃ বা ধনস্য লিপ্সুঃ ভুল, জলম্ বা ধনম্—এইরূপ (২য়া হইবে)। 'তব দুষ্করম্' ভুল (ত্বয়া দুষ্করম্ হইবে)।

১০ **কৃৎপ্রত্যয়ের ভুল**—উপসর্গ বা অব্যয় পূর্বে থাকিলে ধাতুর পর ক্ত্বা স্থানে ল্যপ্ হয়। প্রণত্বা, আরোহিত্বা ভুল (প্রণম্য, আরুহ্য হইবে)। কর্তা এক না হইলে তুমুন্ প্রয়োগ ভুল—'পুত্রং বনং গন্তুম্ আদিশতি' হইবে না ['পুত্রং বনগমনায়' হইবে) ['গন্তুং পশ্যতি' স্থলে গচ্ছন্তং পশ্যতি]। 'অন্নং ভোজনং করোতি' ভুল—কৃদ্‌যোগে কর্মে ষষ্ঠী (অন্নস্য ভোজনম্ বা সমাসের নিয়মে 'অন্ন-ভোজনম্ করোতি' হইবে)।

১১। **তদ্ধিতের ভুল**—মতুপ্ যোগে অকার এবং আকারান্ত শব্দের পর বৎ হয়, যেমন ধনবান্, বিদ্যাবান্। অন্যত্র মৎ,—যেমন, শ্রীমান্; মতিমান্। ব্যতিক্রম—লক্ষ্মীবান্ (লক্ষ্মীমান্ ভুল)।

১২। **সমাসের ভুল**—অব্যয়ীভাব সমাস ক্লীবলিঙ্গ। অতএব ইকারান্ত ও উকারান্ত শব্দে ১মা বা ২য়ার একবচনে বিভক্তির চিহ্ন লুপ্ত থাকে, যেমন,

যথাশক্তি, উপগিরম্ হইবে, উপগিরৌ নহে। সমাসান্ত টচ্, ড প্রত্যয় যোগে, শব্দগুলি নর শব্দের মত অকারান্ত—মহারাজঃ, প্রিয়সখঃ, রাজপথঃ। সমাহার দ্বন্দ্ব ক্লীবলিঙ্গ একবচন—পাণিপাদম্।

শুদ্ধির আদর্শ

দ্রষ্টব্য ঃ পার্শ্বে বন্ধনীর মধ্যে শুদ্ধি দেওয়া হইল।

(১) অস্মিন্ দিশি সরঃ একো বর্ততে (অস্যাম্…একং ‥)।

(২) মহারাজা রিপূন্ পরাজয়তি (মহারাজঃ…পরাজয়তে)।

(৩) গৃহস্থ বহির্গত্বা পাণিপাদৌ প্রক্ষালয় (গৃহাৎ…পাণিপাদম্…)।

(৪) বর্ষায়াম্ গৃহস্য নিকষা নদী বর্ততে (বর্ষাসু…গৃহম্…)।

(৫) ভগবানং প্রণত্বা ভক্তঃ প্রস্থিতঃ (ভগবন্তং প্রণম্য বা প্রণত্য…)।

(৬) মে ধনস্য কিং প্রয়োজনম্ (মম ধনেন বা ধনেন মে…)।

(৭) বণিজানাং বাক্যং মম ন রোচতে (বণিজাং…মহ্যম্ বা মে…)।

(৮) তাদৃশী মিথ্যা ন বক্তব্যা (তাদৃশম্…বক্তব্যম্)।

(৯) মুনয়ো বনে অধিবসন্তি দেবঞ্চ উপাসন্তে (বনম্…উপাসতে)।

(১০) সাধ্বিমৌ আশ্রমে অধ্যাসাতে (সাধূ ইমৌ…আশ্রমম্…)।

(১১) স স্বাদুং ফলং ভুনক্তি (স্বাদু…ভুঙ্‌ক্তে)।

(১২) প্রাতে উত্থায় ভগবানং স্মর (প্রাতঃ…ভগবন্তম্…)।

(১৩) পশ্চিমস্যাং দিশি সূর্য অস্তং যাতি (পশ্চিমায়াং…সূর্যোঽস্তং…)।

(১৪) মহতি বিপদে পতিতো মে ভ্রাতা (মহত্যাং বিপদি..)।

(১৫) গুরুং শুশ্রূষন্তঃ শিষ্যাঃ লক্ষ্মীমন্তঃ ভবন্তি (শুশ্রূষমাণাঃ…লক্ষ্মীবন্তঃ…)।

(১৬) সাধবঃ ন কস্যাপি বিভ্যন্তি (…কস্মাদপি…বিভ্যতি)।

(১৭) রাজপথি রথেন সঞ্চরন্তং রাজপুত্রমপশ্যম্ (রাজপথি…সঞ্চরমাণং)।

(১৮) অদ্য স রামং বৃক্ষমারোঢ়ুম্ অপশ্যৎ (আরোহন্তম্…অদ্রাক্ষীৎ)।

(১৯) বিসর্জয়িত্বা স্বজনান্ রামোঽরণ্যং প্রাতিষ্ঠৎ (বিসর্জ্য…প্রাতিষ্ঠত)।

(২০) উপগিরৌ বিংশতয়ো মুনয়ো বসন্তি (উপগিরং বা উপগিরি বিংশতিঃ)।

Exercise

1. Correct (শুদ্ধ কর) :

1. বিজয়তু মহারাজা। 2. ভূপত্যু: বুদ্ধিমতী দারা। 3. ব্যাঘ্রাৎ বিভ্যন্তি সর্বাঃ জনাঃ। 4. বর্ষায়াঃ কালঃ মাং ন রোচতে। 5. স গ্রামস্য বহিঃ প্রতিষ্ঠতি। 6. ন রাত্রে দধিং ভক্ষয়েৎ। 7. নদী সবেগেন প্রবহতে। 8. ভগবানস্য মহতী মহিমা। 9. মাতৃন্ প্রণত্বা রামো বনং গতঃ। 10. প্রাতে পাণিপাদৌ প্রক্ষালয়। 11. স স্বাদুম্ অন্নং ভুনক্তি। 12. ভবান্ আসনে অধিতিষ্ঠ। 13. মুন্যেতৌ আশ্রমে অধিশয়াতে। 14. সুহৃদানাং মহতি বিপদি সহায়ো ভব। 15. সো বালকঃ অধ্যয়নাৎ পরাজয়তি।

2. Correct giving reasons (কারণ দেখাইয়া শুদ্ধ কর) :—

(1) অম্বে মাম্ আপো দেহি। (2) মহারাজ্ঞঃ ত্রয়ঃ কন্যাঃ। (3) বর্ষায়াং নদী সবেগেন গচ্ছতি। (4) তে ধনস্য কিং প্রয়োজনম্। (5) অপারা হি সম্রাটস্য (সম্রাজ্ শব্দ) মহিমা। (6) শৈলগুহাসু অধিশয়ন্তে সিংহাঃ। (7) অশ্বাশ্বাঃ রাজপথা ধাবন্তি। (8) ধনস্য লিপ্সুঃ বাণিজ্যায় প্রতস্থৌ। (9) গুণীনাং গুণাঃ চরস্থায়ী। (10) পেচকাঃ দিবায়াং ন জাগ্রন্তি। (11) মে মনে সুখং নাস্তি। (12) যথাশক্তিং কর্মং কুরু। (13) দিবি দেবাঃ অধ্যাসন্তে। (14) মাতা প্রাণেনাপি পুত্রং বিপদাৎ ত্রায়তে। (15) মহারাজ্ঞঃ দশরথস্য প্রিয়সখা ইন্দ্রঃ। (16) নরপত্যুঃ পুত্রাঃ রাজ্যলোভাৎ বিবদন্তি। (17) এষো নরো মিথ্যাং ন বদতি। (18) লক্ষ্মী নারায়ণং শুশ্রূষতি। (19) বিংশতয়ঃ স্ত্রিয়ঃ নদ্যাস্তীরে সঞ্চরন্তে। (20) প্রজান্ শাসন্তি রাজানঃ।

— —

অনুবাদ

ইংরাজী হইতে সংস্কৃতে

(Translation from English into Sanskrit)

কয়েকটি নিয়ম

ক্রিয়াপ্রয়োগ-বিধি

১। সংস্কৃতে অনুবাদ করিতে হইলে বাক্যটিকে বিশুদ্ধ বাংলায় পরিণত করিবে। কর্তা ও ক্রিয়া পদের নীচে দাগ দিবে—যাহাতে কর্তার পুরুষ ও বচন অনুসারে ক্রিয়াপদ বসাইতে ভুল না হয়।

